স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের আওতায় সুরক্ষা সেবা বিভাগের অধীনে ২০১৯-২০ অর্থ বছরের এডিপিভুক্ত সমাপ্ত প্রকল্পের মূল্যায়ন প্রতিবেদনের ওপর মন্ত্রণালয়/বিভাগভিত্তিক সার-সংক্ষেপ

ক্রঃ নং	মন্ত্রণালয়ের নাম	মোট সমাপ্ত প্রকল্পের সংখ্যা	সমাপ্ত প্রকল্পের ধরণ			মূল সময় ও ব্যয়ের তুলনায়				
			বিনিয়োগ প্রকল্পের সংখ্যা	কারিগরি প্রকল্পের সংখ্যা	জেডিসি এফভুক্ত প্রকল্পের সংখ্যা	সময় ও ব্যয় উভয়ই অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	সময় অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	সময় অতিক্রান্তের শতকরা হার (%) সর্বনিম্ন - সর্বোচ্চ	ব্যয় অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	ব্যয় অতিক্রান্তের শতকরা হার (%) সর্বনিম্ন - সর্বোচ্চ
১।	স্বরাষ্ট্র মন্ত্রণালয়, সুরক্ষা সেবা বিভাগ	০৩	০৩	-	-	০১	০২	১৬.৬৭% - ১৯৫%	২	(-১২.৯৪) - ৪৬.৩৬%

১। সমাপ্ত প্রকল্পের সংখ্যাঃ ৩টি

২। সমাপ্ত প্রকল্পের ব্যয় ও মেয়াদ বৃদ্ধির কারণঃ

প্রকল্পের ব্যয় বৃদ্ধির কারণ:

(ক) অনুমোদিত ডিপিপি অনুযায়ী প্রকল্পের বাস্তবায়ন কাজ শুরু করা হয় না। ফলে প্রকল্পের মেয়াদ বৃদ্ধির ফলে ব্যয়ও বৃদ্ধি পায়;

(খ) বৈদেশিক যাহায্যপুষ্ট প্রকল্পের ক্ষেত্রে ম্যাচিং ফান্ডের অভাব;

(গ) অনুমোদিত ডিপিপি'র কর্মপরিকল্পনা অনুযায়ী ক্রয় কার্যক্রম করতে না পারায় দ্রব্যমূল্যের বাজার দর বৃদ্ধি;

(ঘ) প্রকল্পের ডিপিপি প্রণয়নকালে প্রকল্পটির বাস্তবায়ন পর্যায়ে বিভিন্ন ঝুকি নির্ধারণ না করা;

(ঙ)প্রকল্প গ্রহণের সময় সুদূরপ্রসারী পরিকল্পনা না করে এবং ভবিষ্যতের প্রেক্ষাপট বিবেচনা না করে ডিপিপি প্রণয়ন করা হয় ফলে পরবর্তীতে কাজের পরিধি বেড়ে যায়, ফলশ্রুতিতে ব্যয় বৃদ্ধি পায়;

(চ) বার বার মেয়াদ বৃদ্ধির ফলে স্থানীয় ও আন্তর্জাতিক বাজারে দ্রব্যমূল্য দাম বেড়ে যায় এবং কোন কোন ক্ষেত্রে দরপত্রের রেট শিডিউল পরিবর্তন হয়ে যায়, ফলে প্রকল্প ব্যয় বেড়ে যায়;

(ছ) জটিল ও ব্যতিক্রমধর্মী কাজের ক্ষেত্রে অনেক সময় টার্ণকী ঠিকাদারের উপর অতিমাত্রায় নির্ভরশীলতা বেড়ে যায় এবং চুক্তি স্বাক্ষরের সময় সকল শর্তাবলী সাবধানতার সাথে বিবেচনা করা হয়না বিধায় টার্ণকী ঠিকাদার বিভিন্ন সময় বাড়তি বিল দাবী করার সুযোগ পায়।

প্রকল্পের মেয়াদ বৃদ্ধির কারণ:

(ক) অনুমোদিত ডিপিপি অনুযায়ী প্রকল্পের বাস্তবায়ন কাজ শুরু করা হয় না। ফলে প্রকল্পের মেয়াদ বৃদ্ধির ফলে ব্যয়ও বৃদ্ধি পায়;

(খ) বৈদেশিক যাহায্যপুষ্ট প্রকল্পের ক্ষেত্রে ম্যাচিং ফান্ডের অভাব;

(গ) অনুমোদিত ডিপিপি'র কর্মপরিকল্পনা অনুযায়ী ক্রয় কার্যক্রম করতে না পারায় দ্রব্যমূল্যের বাজার দর বৃদ্ধি;

(ঘ) প্রকল্পের ডিপিপি প্রণয়নকালে প্রকল্পটির বাস্তবায়ন পর্যায়ে বিভিন্ন ঝুকি নির্ধারণ না করা;

(ঙ) মূল ডিপিপি অনুমোদনের তারিখের পরেও টেন্ডার ডকুমেন্ট তৈরি,টেন্ডার আহবান, মূল্যায়ন ও কার্যাদেশ প্রদানে অনেক বিলম্ব হয়। ফলে মাঠ পর্যায়ে প্রকল্পের বাস্তবায়ন কাজ শুরু হতে বেশির ভাগ ক্ষেত্রে এক বছর থেকে দুই বছর বিলম্ব হয়ে যায়;

(চ) সাহায্যপুষ্ট প্রকল্পের ক্ষেত্রে ঋণ চুক্তি স্বাক্ষর ও কার্যকর করতে যথেষ্ট বিলম্ব হয়;

(ছ) সাহায্যপুষ্ট প্রকল্পের দরপত্র মূল্যায়নের সময় উন্নয়ন সহযোগী সংস্থার কনকারেন্স পেতে যথেষ্ট বিলম্ব হয়;

(জ) ভূমি অধিগ্রহণজনিত জটিলতার কারণে বেশির ভাগ প্রকল্পের যথেষ্ট সময়ক্ষেপণ হয়;

(ঝ) প্রকল্প দপ্তরের অদক্ষতার কারণে এবং দূরদর্শিতার অভাবে প্রকল্পের বাস্তবায়ন বিলম্ব হয়।

৩। সমাপ্তকৃত প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে প্রধান প্রধান সমস্যা ও সুপারিশঃ

সমস্যা	সুপারিশ
৩.১ অনুমোদিত ডিপিপি অনুযায়ী প্রকল্পের বাস্তবায়ন কাজ শুরু করা হয় না।	৩.১অনুমোদিত ডিপিপি অনুযায়ী প্রকল্পের বাস্তবায়ন কাজ শুরু করা প্রয়োজন;
৩.২ ডিপিপি'র কর্মপরিকল্পনা অনুযায়ী ক্রয় কার্যক্রম করতে না পারা;	৩.২কর্মপরিকল্পনা অনুযায়ী ক্রয় কার্যক্রম সম্পন্ন করা প্রয়োজন;
৩.৩ প্রকল্পের ব্যয় বৃদ্ধি ও বাস্তবায়নে অত্যাধিক বিলম্ব	৩.৩ প্রকল্প প্রণয়নের ক্ষেত্রে বাস্তবসম্মতভাবে ব্যয় ও সময় নির্ধারণ এবং বাস্তবায়ন পর্যায়ে তা অনুসরণ করা প্রয়োজন;
৩.৪ কাজের গুণগতমান সংক্রান্ত	৩.৪.১ কাজের গুণগতমান নিশ্চিত করতে ভবিষৎতে পিপিআর যথাযথভাবে অনুসরণপূর্বক দক্ষ জনবল এবং প্রয়োজনীয় যন্ত্রপাতি সমন্বিত ঠিকাদার নিয়োগ করা প্রয়োজন। ৩.৪.২ প্রকল্পের আওতায় সম্পাদিত কাজ বিশেষ করে নিম্নমানের পূর্ত কাজের জন্য তদারকির দায়িত্বে নিয়োজিত সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীর বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা অবশ্যক।
৩.৫ সাহায্যপুষ্ট প্রকল্প সংক্রান্ত	৩.৫ সাহায্যপুষ্ট প্রকল্পের ক্ষেত্রে উন্নয়ন সহযোগী দেশ/প্রতিষ্ঠান থেকে দ্রুত সঠিক সময়ে অর্থ প্রাপ্তির বিষয়টি নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট সংস্থা ও মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা আবশ্যক।
৩.৬ প্রকল্পের যানবাহন সংক্রান্ত	৩.৬ বিদ্যমান সরকারি নিয়ম অনুযায়ী প্রকল্পের আওতায় সংগৃহীত যানবাহন সরকারি পরিবহন পুলে জমা দেয়ার ব্যবস্থা গ্রহণ করা আব্যশ্যক।
৩.৭ প্রকল্পের পরিচালক সংক্রান্ত	৩.৭.১ প্রকল্প সুষ্ঠ বাস্তবায়ন নিশ্চিতকল্পে ঘন ঘন প্রকল্প পরিচালক বদলি বা পরিবর্তন না করে বিদ্যমান নিয়ম অনুযায়ী প্রকল্প পরিচালক নিয়োগে সচেষ্ট থাকার প্রয়োজন আছে। ৩.৭.২ বিভিন্ন সংস্থার আওতায় বাস্তবায়নাধীন ও ভবিষৎতে প্রকল্পের জন্য সরকারী নির্দেশনা অনুযায়ী পূর্ণকালীন ও যোগ্য প্রকল্প পরিচালক নিয়োগের বিষয়টি উদ্যোদী বিভাগ হতে নিশ্চিত করা প্রয়োজন।
৩.৮ সম্ভাব্যতা সমীক্ষা	৩.৮ যথাযথভাবে মাঠ পর্যায়ে সমীক্ষা না করে অপরিকল্পিতভাবে প্রকল্প গ্রহণের কারণে কখনো প্রকল্প বাস্তবায়ন অনিশ্চিত হয়ে পড়ে। তাই প্রকল্প গ্রহণের পূর্বে উপযুক্ত ব্যক্তি বা প্রতিষ্ঠানকে দিয়ে বাস্তবসম্মত সম্ভাব্যতা সমীক্ষা সম্পাদন করা প্রয়োজন।
৩.৯ ভূমি অধিগ্রহণে বিলম্ব	৩.৯ প্রকল্প অনুমোদনের শুরু থেকেই ভূমি অধিগ্রহণ প্রক্রিয়া শুরু করা বাঞ্চনীয়।
৩.১০ পিসিআর প্রেরণে বিলম্ব	৩.১০ প্রকল্প সমাপ্তি ঘোষণার পর পরই পিসিআর প্রণয়ন করে আইএমইডিতে প্রেরণ নিশ্চিত করা আবশ্যক।

ঢাকা কেন্দ্রীয় কারাগার, কেরানীগঞ্জ শীর্ষক **প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন**

(সমাপ্ত: মার্চ ২০২০)

১. প্রকল্পের নাম : ঢাকা কেন্দ্রীয় কারাগার/ কেরানীগঞ্জ নির্মাণ
২. উদ্যোগীমন্ত্রণালয়/বিভাগ : স্বরাষ্ট্র মন্ত্রণালয়, সুরক্ষা সেবা বিভাগ
৩. বাস্তবায়নকারী সংস্থা : কারা অধিদপ্তর
৪. প্রকল্পের ধরন : বিনিয়োগ
৫. প্রকল্পের অর্থায়ন : জিওবি

৬। প্রকল্পের অনুমোদিত ব্যয় ও বাস্তবায়নকালঃ

(লক্ষ টাকায়)

ব্যয়		প্রকৃত ব্যয়	বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়ন কাল	অতিক্রান্ত ব্যয় (মূল অনুমোদিত ব্যয়ের %)	অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়নকালের %)
মূল	সংশোধিত						
মোট জিওবি	মোট জিওবি		মূল	সংশোধিত			
৩১৭৫৫.৭৭ ৩১৭৫৫.৭৭	৪৬৪৭৯.১৫ ৪৬৪৭৯.১৫	৪৩৪৫০.০৯ ৪৩৪৫০.০৯	জুলাই ২০০৫ হতে জুন ২০১০	জুলাই ২০০৫ হতে মার্চ ২০২০	জুলাই ২০০৫ হতে মার্চ ২০২০	৪৬.৩৬%	১৯৫%

৭। **প্রকল্প এলাকাঃ**

বিভাগ	জেলা	উপজেলা	অফিসের নাম
ঢাকা	ঢাকা	কেরানীগঞ্জ	ঢাকা কেন্দ্রীয় কারাগার, কেরানীগঞ্জ

৮। **প্রকল্প অনুমোদন ও সংশোধনঃ**

৩১৭৫৫.৭৭ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই ২০০৫ হতে জুন ২০১০ মেয়াদে বাস্তবায়নের লক্ষ্যে গত ২৯/০৯/২০০৬ তারিখের একনেক সভায় প্রকল্পটি অনুমোদিত হয়। পরবর্তীতে তিনবার প্রকল্প সংশোধন, দুইবার ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধি এবং একবার আন্তঃখাত সমন্বয় করে প্রকল্পের প্রাক্কলিত ব্যয় ৪৬৪৭৯.১৫ লক্ষ টাকা এবং বাস্তবায়নকাল জুলাই ২০০৫ হতে মার্চ ২০২০ পর্যন্ত নির্ধারণ করা হয়।

৯। **প্রকল্পের সংক্ষিপ্ত পটভূমিঃ**

পুরাতন ঢাকা কেন্দ্রীয় কারাগার ঢাকার একটি গুরুত্বপূর্ণ বাণিজ্যিক এলাকা চকবাজারে অবস্থিত ছিল। উক্ত এলাকাটি খুবই ঘনবসতিপূর্ণ এবং রাস্তাগুলো অনেক সরু হওয়ায় ট্রাফিক জ্যাম হতো। যার কারণে কয়েদীদের স্থানান্তর খুবই সমস্যা হতো। অধিকন্তু পুরাতন ঢাকা কেন্দ্রীয় কারাগারের ধারণ ক্ষমতা ছিল ২৭০০ কিন্তু কয়েদী থাকতো এগারো হাজার। বেশির ভাগ ভবন ব্রিটিশ আমলে স্থাপিত বিধায় এগুলো ব্যবহার অনুপযোগী হয়ে পড়েছিল। উল্লিখিত বিষয়সমূহ বিবেচনায় নিয়ে বিচারাধীন বন্দীদের উন্নত বাসযোগ্য পরিবেশ ও তাদের চিকিৎসা সুবিধা সৃষ্টির লক্ষ্যে আলোচ্য প্রকল্পটি গ্রহণ করা হয়।

১০। প্রকল্পের উদ্দেশ্যঃবিচারাধীন বন্দীদের জন্য উন্নত বাসযোগ্য পরিবেশসৃষ্টি এবং আধুনিক চিকিৎসা সুবিধার ব্যবস্থা করা।

১১। **প্রকল্পের মূল কার্যক্রমঃ**

- পুরুষ দর্শনাথীদের বিশ্রামাগার
- মহিলা দর্শনার্থীদের বিশ্রামাগার
- ভার্চুয়ার কোর্ট নির্মাণ
- পুরুষ কারারক্ষী ব্যারাক, M.I ইউনিট, লন্ড্রি ও সেলুন নির্মাণ
- মহিলা কারারক্ষী ব্যারাক নির্মাণ

- ইন্টারভিউ ব্লক নির্মাণ
- ডিআইজি বাসবভন ও কোয়ার্টার ভবন নির্মাণ
- সীমানা প্রাচীর
- মেইন গেইট
- সেন্টার টাওয়ার

১২। **প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য** :

প্রকল্প পরিচালকের নাম ও পদবী		দায়িত্বের প্রকৃতি		মেয়াদকাল
		পূর্ণকালীন	খন্ডকালীন	
১.	মোঃ মজিবুর রহমান যুগ্মসচিব	হ্যাঁ	না	২৫/০৭/২০০৭ হতে ০৫/০৩/২০০৯
২.	আবুল খায়ের সহকারী প্রধান	না	হ্যাঁ	০৫/০৩/২০০৯ হতে ৩১/০৩/২০০৯
৩.	আবুল হক উপসচিব	হ্যাঁ	না	৩১/০৩/২০০৯ হতে ০৭/০৮/২০১৬
৪.	স্মৃতি রানী ঘোরামী অতিরিক্ত সচিব	না	হ্যাঁ	০৭/০৮/২০১৬ হতে ০৪/০৯/২০১৬
৫.	শামসুল আলম চৌধুরী যুগ্মসচিব	হ্যাঁ	না	০৪/০৯/২০১৬ হতে ১০/০৯/২০১৭
৬.	এনায়েতউল্লাহ খাঁন ইউসুফজী উপসচিব	না	হ্যাঁ	১০/০৯/২০১৭ হতে ০৬/০৫/২০১৮
৭.	মোঃ জহুরুল আলম চৌধুরী উপসচিব	হ্যাঁ	না	০৬/০৫/২০১৮ হতে ৩০/০৯/২০২০
৮.	এনায়েতউল্লাহ খাঁন ইউসুফজী যুগ্মসচিব	না	হ্যাঁ	০১/১০/২০১৮ হতে ০৮/১০/২০১৮
৯.	মোঃ জহুরুল আলম চৌধুরী উপসচিব	হ্যাঁ	না	০৯/১০/২০১৮ হতে ২৯/১২/২০১৯
১০.	মোকতার আহমেদ চৌধুরী উপসচিব	না	হ্যাঁ	৩০/১২/২০১৯ হতে ০৭/০১/২০২০
১১.	মোঃ জহুরুল আলম চৌধুরী উপসচিব	হ্যাঁ	না	০৮/০১/২০২০ হতে ৩১/০৩/২০২০

১৩। **প্রকল্পের অঙ্গসমূহের বাস্তবায়ন অগ্রগতি নিম্নরুপ:**

	অঙ্গের নাম	একক	আরডিপিপিতে লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন	
			আর্থিক	বাস্তব	আর্থিক (%)	বাস্তব (%)
১.	অফিসারদের বেতন	থোক	৮৩.০০		৬৩.০২	
২.	পিডি অফিস কর্মচারিদের বেতন	থোক	৪৪.০০		২২.৫৫	
৩.	পিডি অফিসের কর্মচারিদের ভাতাদি	থোক	১৩৬.০০		৭৪.৮৯	
৪.	স্থানীয় ভ্রমণ ব্যয়	থোক	৩.০০		০.৯১	
৫.	অতিরিক্ত কাজের ভাতা	থোক	৫.০০		৫.০০	
৬.	ডাক	থোক	০.১৫		০.০০	
৭.	টেলিফোন বিল পিডি অফিস	থোক	৮.০০		৩.৫৪	
৮.	পানি সরবরাহ বিল	থোক	১.০০		০.০০	
৯.	বিদ্যুৎ বিল	থোক	১.৫০		০.০০	
১০.	গ্যাস ও জ্বালানী	থোক	৫৩.০০		৪৫.৪০	
১১.	স্টেশনারি, সিল ও স্ট্যাম্প	থোক	১৬.০০		১৩.২৫	

	অঙ্গের নাম	একক	আরডিপিপিতে লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন	
			আর্থিক	বাস্তব	আর্থিক (%)	বাস্তব (%)
১২.	বইপত্র, পত্রিকা ও সময়িকী	থোক	০.৫০		০.৩৯	
১৩.	আপ্যায়ন	থোক	১.৫০		১.৩৯	
১৪.	পরিচ্ছন্নতা	থোক	১.০০		১.০০	
১৫.	সম্মানী ভাতা	থোক	১৮.০০		১৬.৫৫	
১৬.	কম্পিউটার এক্সেসরিজ	থোক	৫.০০		৩.৩৭	
১৭.	অন্যান্য ব্যয়	থোক	১৯.০০		১২.১০	
১৮.	মোটরযান মেরামত ও সংরক্ষণ	থোক	৪৫.০০		৪১.১৭	
১৯.	যন্ত্রপাতি ও সরঞ্জাম মেরামত সংরক্ষণ	থোক	৮.০০		৫.৮৪	
২০.	স্থাপত্য ও কাঠামো নকশা প্রস্তুত	থোক	২৮.০০		২৭.১৩	
২১.	মাটি ও মালামাল পরীক্ষা	থোক	৩৭.০০		৩২.২৩	
২২.	টেন্ডার নোটিশ ও পত্রিকা বিজ্ঞাপন	থোক	৪০.০০		৩৯.৬৩	
২৩.	টেন্ডার দালিল প্রণয়ন	থোক	২৪.৮০		২৩.৬১	
২৪.	ভ্রমণ/কর্মদক্ষতা উন্নয়ন/বৈদেশিক প্রশিক্ষণ	থোক	৭৫.০০		৭৪.৯৭	
	উপ-মোট (রাজস্ব ব্যয়):	-	৬৫৩.৪৫		৫০৭.৯৬	
	(খ) মূলধন ব্যয়:					
	পুরুষ কারাগার-১:					
২৫.	প্রশাসনিক ভবন	ব.মি	৪১৫.০৮		৪১৩.৬৯	
২৬.	সাক্ষাৎকার ভবন	ব.মি	৩৪১.৯৪		৩২৩.৫৫	
২৭.	বিচারাধীন পুরুষ কয়েদী ভবন	ব.মি	৫৬৪৩.৬৫		৫৬১৬.২৪	
২৮.	সাজাপ্রাপ্ত পুরুষ কয়েদী ভবন	ব.মি	২০০০.৩২		১৯৯৩.৫২	
২৯.	১০০টি কিশোরবন্দী ব্যারাক	ব.মি	৫০৪.৯৭		৫০৪.৯৭	
৩০.	৩০টি মানসিক প্রতিবন্ধী ব্যারাক	ব.মি	১৫৭.৩৬		১৫৬.৭৭	
৩১.	৬০টি শ্রেণীপ্রাপ্ত বন্দী ব্যারাক	ব.মি	৩০৮.৯৫		৩০৭.২৮	
৩২.	৪০০টি বিপদজনক বন্দী সেল	ব.মি	২৩৮৫.৮৯		২৩৮২.১৯	
৩৩.	রান্নাঘর	ব.মি	৫৩৫.৭১		৫১৪.৬২	
৩৪.	প্রশাসনিক গার্ডরুম	ব.মি	৩৯.৪৭		৩৯.৪৭	
৩৫.	কেইস টেবিল	ব.মি	১৪.২৬		১৪.২৬	
৩৬.	এমআই ইউনিট	ব.মি	৮৯.৮৮		৮৫.৫১	
৩৭.	ডে-টাইম টয়লেট	ব.মি	১৭৮.৪৪		১৭৭.৯০	
৩৮.	ডে-টাইম গোসলখানা	ব.মি	৩১৪.৮৩		২০৬.৪৬	
৩৯.	কারা বিদ্যালয় ও পাঠাগার	ব.মি	১০৬.২১		১০৬.২১	
৪০.	সেলুন	ব.মি	২৬.৬০		২৫.৫৮	
৪১.	লন্ড্রী	ব.মি	৪০.৫৩		৪০.৫৩	
৪২.	ময়দার কল	ব.মি	৩৫.৮৪		৩৫.৮৪	
৪৩.	ওয়ার্কশেড	ব.মি	২৮২.৮৩		২৮২.৮৩	
৪৪.	ফাঁসির মঞ্চ	ব.মি	১২.০০		১২.০০	
৪৫.	পেরিমিটার দেয়াল	ব.মি	৭১০.০০		৭০৯.৯৮	
৪৬.	সেগ্রিগেশন দেয়াল	ব.মি	৪৯০.০১		৪৬৯.৯২	
৪৭.	ওয়াকওয়ে ৫'-০" চওড়া	ব.মি	৬৭.৪২		৬৭.৪২	
৪৮.	ওয়াকওয়ে ১২'-০" চওড়া	ব.মি	১৬৫.০০		১৬৫.০০	
৪৯.	ড্রেন ১'-০" চওড়া	আর.এম	২২২.০০		১৭৬.৪৬	
৫০.	অভ্যন্তরীণ আরসিসি রাস্তা	ব.মি	৩১০.০৬		২৯৫.৬৬	
৫১.	পুরুষদের বিশ্রামাগার নির্মাণ	ব.মি	৩৪৯.১৫		৩০৪.২৬	
৫২.	ভার্চুয়াল কোর্ট নির্মাণ	ব.মি	২৪০.০০		২০৩.৫৭	

	অঙ্গের নাম	একক	আরডিপিপিতে লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন	
			আর্থিক	বাস্তব	আর্থিক (%)	বাস্তব (%)
৫৩.	পুরুষদের জন্য লন্ড্রী এবং স্যালুন ব্যারাক নির্মাণ	ব.মি	১৩১৭.৬৬		১১০২.৯০	
	মহিলা কারাগার:					
৫৪.	প্রশাসনিক ভবন	ব.মি	৩২৯.৫৪		৩২৫.২৬	
৫৫.	সাক্ষাৎকার ভবন	ব.মি	১০৯.৭০		১০৮.৩০	
৫৬.	বিচারাধীন মহিলা কয়েদী ভবন	ব.মি	৬৫৮.৪৮		৬৫২.৭২	
৫৭.	৪০টি কিশোর বন্দী ব্যারাক	ব.মি	৩০৯.৯৯		৩০৭.৯৪	
৫৮.	২০টি মানসিক প্রতিবন্দী ব্যারাক	ব.মি	৯৮.১৫		৯৮.১৫	
৫৯.	১০টি শ্রেণীপ্রাপ্ত বন্দী ব্যারাক	ব.মি	৮১.৫৪		৮০.৯৬	
৬০.	৩০টি সিকিউরিটি সেল	ব.মি	২৭২.৩২		২৩০.১৯	
৬১.	২০ শয্যার হাসপাতাল	ব.মি	৩২১.২০		২৯৭.৭৭	
৬২.	শিশুদের দিবাযত্ন কেন্দ্র	ব.মি	২৪২.৮৬		২৪০.৬৪	
৬৩.	রান্নাঘর	ব.মি	১০৭.০০		৯১.২৫	
৬৪.	প্রশাসনিক ওয়ার্ড ও সুইপার রুম	ব.মি	৪৬.৪৭		৪৬.৩৬	
৬৫.	কেইস টেবিল	ব.মি	১৮.৬১		১৭.২৮	
৬৬.	বাথরুম ডে টাইম	ব.মি	৫২.৫৫		৫২.৫৫	
৬৭.	কারা বিদ্যালয় ও পাঠাগার	ব.মি	৭৩.০৫		৭৩.০২	
৬৮.	লন্ড্রী	ব.মি	৭৩.৩১		৭১.৯৬	
৬৯.	ময়দার কল এবং গোডাউন	ব.মি	২৭২.২৫		২৫৪.৪০	
৭০.	পেরিমিটার দেয়াল১৮'-০" উচ্চতা	আর.এম	৫৩৯.৬০		৫৩৭.৭৫	
৭১.	সেগ্রিগেশন দেয়াল ৮'-০" নির্মাণ	আর.এম	২৪৮.২৪		২৪৮.২৪	
৭২.	ওয়াকওয়ে ৫'-০" চওড়া	ব.মি	৫০.৪৫		৫০.৪৫	
৭৩.	ওয়াকওয়ে ১২'-০" চওড়া	ব.মি	১৩১.৩৭		১৩১.০৩	
৭৪.	ড্রেন ১'-০" চওড়া	আর.এম	৯৫.৫১		৯৪.৩৬	
৭৫.	অভ্যন্তরীণ আরসিসি রাস্তা	ব.মি	১১২.২৭		১০৩.২০	
৭৬.	মহিলাদের বিশ্রামাগার নির্মাণ	ব.মি	৮৫.০০		৮১.০৫	
৭৭.	মহিলাদের জন্য ব্যারাক নির্মাণ	ব.মি	৭৪২.২৭		৬৯৯.৫৫	
	পেরিমিটার দেয়ালের বাহিরের ভবনাদি:					
৭৮.	ডিআইজি আবাসিক ভবন	ব.মি	১০৩.১০		৯৩.০৮	
৭৯.	১২০০ বঃফুঃ বাসভবন- ৮ ইউনিট	ব.মি	২৯০.০৭		২৯০.০১	
৮০.	১০০০ বঃফুঃ বাসভবন- ৬ ইউনিট	ব.মি	১৫২.৪৬		১৫২.৪৬	
৮১.	৮০০ বঃফুঃ বাসভবন- ১২ ইউনিট	ব.মি	২৩২.২৫		২৩২.১৪	
৮২.	৬০০ বঃফুঃ বাসভবন- ২০৪ ইউনিট	ব.মি	৩২১০.৭৫		৩২০৯.৫৩	
৮৩.	১০০০ টি ওয়ার্ডের ব্যারাক	ব.মি	১০২৮.০০		১০০২.৬৬	
৮৪.	গুদাম-৫টি	ব.মি	২৯৫.৮১		২৫৩.০৭	
৮৫.	ফুয়েলস্টোর-২টি	ব.মি	৭৫.৩৬		৭৫.৩১	
৮৬.	মসজিদ-১টি	ব.মি	১৭৪.৬২		১৭৪.২১	
৮৭.	গার্ডহাউজ-২টি	ব.মি	২৫.৫৫		২৩.৬২	
৮৮.	সেন্ট্রিবক্স-৫টি	ব.মি	১৬.৪৩		১৪.৬১	
৮৯.	সাবস্টেশন-২টি	ব.মি	৮৬.২৭		৭৩.৮২	
৯০.	পিডব্লিউডি সাইট অফিস-১টি	ব.মি	৭০.২৩		৬২.১৭	
৯১.	জেনারেটর কক্ষ-১টি	ব.মি	১৭.৯৫		১৫.০০	
৯২.	গ্যারেজ-৯টি গাড়ির	ব.মি	১০৫.৩৬		৭৪.৮১	
৯৩.	ক্যাফেটেরিয়া-১টি	ব.মি	৬৪.৪৫		৬৪.৩১	
৯৪.	পাম্প হাউজ-২টি ৬'-০"	ব.মি	৫২.৪৭		১৯.৫০	
৯৫.	আবাসিক এলাকার অভ্যন্তরীণ রাস্তা	ব.মি	২২৩.৪২		২১৯.৯৪	

	অঙ্গের নাম	একক	আরডিপিপিতে লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন	
			আর্থিক	বাস্তব	আর্থিক (%)	বাস্তব (%)
৯৬.	আবাসিক এলাকার ৬'-০" উচ্চতার দেয়াল	আর.এম	৯০.১৩		৯০.০০	
৯৭.	পেরিমিটার দেয়ালের বাইরের বিটুমিন কার্পেটিং রাস্তা	ব.মি	৮৫০.৮৭		৮৪৮.১৬	
অন্যান্য কাজ						
৯৮.	সার্ফেজ ড্রেইন ও বর্জ্যপানি নিস্কাশন	থোক	৩৪৫.০০		৩৪৫.০০	
৯৯.	সীমানা প্রাচীর	আর.এম	১৭৪৬.৪২		১৭৩৫.১১	
১০০.	বহিস্থ গ্যাস সংযোগ	থোক	১২০০.০০		৯২৯.১৭	
১০১.	স্যালুটিং বেইজ-২টি	ব.মি	২.৬৮		২.৬৮	
১০২.	স্যালুটিং ডায়াজ-২টি	ব.মি	৬.৯০		৬.৯০	
১০৩.	ভূমিউন্নয়ন	ঘন.মি	৬০২৩.৮১		৫৯০৪.৫০	
১০৪.	আরবরিকালচার	থোক	৭২.০০		৫৮.০০	
১০৫.	ফায়ার এক্সটিংগুইসার	সংখ্যা	১০.১০		১০.১০	
১০৬.	অবজারবেশন টাওয়ার	সংখ্যা	১৫৭.০০		১৫১.১০	
১০৭.	সেন্টার টাওয়ার	সংখ্যা	৬১.৮২		৬০.৮৫	
১০৮.	পুকুর ২টি	সংখ্যা	২৭৫.০০		২০৬.৮৫	
১০৯.	ময়দার মেশিন	সংখ্যা	৬.৫০		৬.৫০	
১১০.	গেট	সংখ্যা	২১২.০০		২১১.০৭	
১১১.	কালভার্টের সাথে নালা	থোক	১৬.৮০		১৬.৮০	
১১২.	বহিস্থ পানি সরবরাহ ও বৃষ্টির পানি সংরক্ষণ	থোক	১৩৪২.৬২		১০৬৫.৭৪	
১১৩.	বহিঃ বিদ্যুতায়ন ও সৌরশক্তি ব্যবহার	থোক	১৮৮৬.৬৩		১৮১৫.৩৪	
১১৪.	সাক্ষাৎকার ভবন	ব.মি	৩৩৫.৪৫		৩২৮.৫৫	
	আসবাবপত্র:					
১১৫.	আসবাবপত্র-১ নং জেল ও হাসপাতালের	থোক	১২৮.২১		৮৫.৩৮	
১১৬.	আসবাবপত্র- মহিলা জেল ও হাসপাতালের	থোক	৪৫.৫০		৪৫.০০	
১১৭.	আসবাবপত্র- পিডব্লিউডি সাইট অফিসের	থোক	৫.০০		৫.০০	
১১৮.	পুরুষ এবং মহিলাদের বিশ্রামের জন্য আসবাবপত্র	থোক	৩৫.০০		৩৪.৩৯	
১১৯.	পিডি অফিসের জন্য আসবাবপত্র	থোক	২.৫০		০.৯০	
	সরঞ্জামাদি:					
১২০.	হাসপাতাল ইক্যুইপমেন্ট- পুরুষ জেল-১	থোক	৪৪.০০		৪৪.০০	
১২১.	হাসপাতাল ইক্যুইপমেন্ট- মহিলা জেল	থোক	১২.০০		১১.১৩	
১২২.	অফিস ও নিরাপত্তা যন্ত্রপাতি- ১নং পুরুষ জেল অফিস	থোক	৩৬০.০০		৩৪৯.৯৪	
১২৩.	অফিস ও নিরাপত্তা যন্ত্রপাতি- মহিলা জেল অফিস	থোক	২৪২.০০		২৩৭.৮৭	
১২৪.	সার্ভে যন্ত্রাদি- পিডব্লিউডি/টপোগ্রাফিক সার্ভের জন্য	থোক	২২.৫০		৭.৯৪	

	অঙ্গের নাম	একক	আরডিপিপিতে লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন	
			আর্থিক	বাস্তব	আর্থিক (%)	বাস্তব (%)
১২৫.	ওয়াশিং প্ল্যান্ট ও বয়লার-লন্ড্রির জন্য	থোক	১৩৫.০০		১১১.৯৩	
১২৬.	কম্পিউটার যন্ত্রাংশ	সংখ্যা	৫.০০		২.০০	
১২৭.	ফটোকপিয়ার-১টি ও ফ্যাক্স-১টি পিডি অফিসের জন্য	সংখ্যা	৪.০০		১.৫০	
	যানবাহন:					
১২৮.	৫- দরজা পাজেরো জীপ	সংখ্যা	৬৬.৫৭		৬৬.৫৭	
১২৯.	পিডব্লিউডির জন্য মোটর সাইকেল	সংখ্যা	৩.২০		৩.২০	
১৩০.	পিকআপ ভ্যান	সংখ্যা	১৯২.০০		১৬০.০০	
১৩১.	এ্যাম্বুলেন্স	সংখ্যা	১৬৮.০০		১৬৭.৯৬	
১৩২.	স্কুল বাস	সংখ্যা	১৫০.০০		১৩৫.৭৮	
	উপ-মোট মূলধন		৫০০.০০		০.০০	
	(গ) ফিজিক্যাল কন্টিনজেন্সি		৫০০.০০		০.০০	
	(ঘ) প্রাইস কন্টিনজেন্সি					
	সর্বমোট (রাজস্ব খাত+মূলধন খাত)=		৪৬৪৭৯.১৫		৪৩৪৫০.০৯	

১৪। **সংশোধিত এডিপিতে আর্থিক সংস্থান, অর্থ বরাদ্দ, অর্থ ছাড় ও অর্থ ব্যয়: (লক্ষ টাকায়)**

অর্থবছর	আরএডিপিতে বরাদ্দ	অর্থ ছাড়	অর্থ ব্যয়
২০০৭-২০০৮	৮১৬.০০	৮১৬.০০	২৫০.২০
২০০৮-২০০৯	২০০০.০০	২০০০.০০	১৯৭১.৩১
২০০৯-২০১০	২৭২৫.০০	২৭২৫.০০	২৭১৬.১৬
২০১০-২০১১	১৫০০.০০	১৫০০.০০	১৪৯৮.১৪
২০১১-২০১২	২০০০.০০	২০০০.০০	১৯৯১.৮৭
২০১২-২০১৩	৫০০০.০০	৫০০০.০০	৪৯৯৭.৯০
২০১৩-২০১৪	৬০০০.০০	৬০০০.০০	৫৯৮৯.৯৩
২০১৪-২০১৫	৫০০০.০০	৫০০০.০০	৪৯৯৮.৬৪
২০১৫-২০১৬	৫৫০০.০০	৫৫০০.০০	৫৪৯০.৭১
২০১৬-২০১৭	৪৩৫০.০০	৪৩৫০.০০	৪১৯৭.০১
২০১৭-২০১৮	২৭৫০.০০	২৭৫০.০০	১৭৫৪.৭৪
২০১৮-২০১৯	২৩২৫.০০	২৩২৫.০০	১৮৭৬.৩৫
২০১৯-২০২০	৫৪০০.০০	২৭০০.০০	৪৫৭২.৫৯
সর্বমোট	৪৫৩৬১.০০	৪৩৪৫০.০৯	৪৩৪৫০.০৯

প্রকল্পের আওতায় ২০১৭-২০১৮ অর্থবছর হতে ২০১৯-২০২০ অর্থবছরে মোট ৪৫৩৬৬.০০ লক্ষ টাকা বরাদ্দ দেয়া হয়েছে তন্মধ্যে ব্যয় হয়েছে ৪৩৪৫০.০৯ লক্ষ টাকা। যা মোট প্রকল্প ব্যয়ের ৯৩.৪৮%।

১৫। **প্রকল্পের বাস্তবায়িত কাজ সরেজমিনে পরিদর্শন ও পর্যবেক্ষণঃ**

১৯/০৫/২০২২ তরিখে ঢাকা কেন্দ্রীয় কারাগার, কেরানীগঞ্জ পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে উপবিভাগীয় প্রকৌশলী, ঢাকা-০৪ ও কারাগারের প্রতিনিধি উপস্থিত ছিলেন।প্রকল্পের আওতায় প্রায় ৮৮টি ছোট-বড় স্থাপনা নির্মাণ করা হয়েছে। দৈবচয়নের ভিত্তিতে পুরুষ জেল, মহিলা জেল ও অন্যান্য স্থাপনার আওতায় মোট ১৪টি গুরুত্বপূর্ণ স্থাপনা ও প্রকল্পের আওতায় ক্রয়কৃত যানবাহন সরেজমিনে পরিদর্শন করা হয়। সেগুলোর পর্যবেক্ষণ নিম্নরূপঃ

১৫.১। **পুরুষ জেল:**

(ক) **প্রশাসনিক ভবন:** পুরুষ জেলের ২তলা বিশিষ্ট প্রশাসনিক ভবন পরিদর্শন করা হয়। নীচতলার একটি রুমের ভেতরের দেয়ালের রং উঠে গেছে, কোথাও কোথাও প্লাস্টার খসে গেছে। এ বিষয়ে উপবিভাগীয় প্রকৌশলী জানান যে, বাজেট সল্পতার কারণে প্রতিবছর মেইনটেনেন্স করা হয় না।

(খ) **এ্যাডোলেসেন্ট প্রিজনার্স ব্যারাক:** এ্যাডোলেসেন্টপ্রিজনার্স ব্যারাকে কিশোর কয়েদী না থাকায় ২১ বছর উর্ধ্ব বয়সের কয়েদীদের এখানে রাখা হয়।

(গ) **মানসিক ভারসাম্যহীন কয়েদী ওয়ার্ড:**৪তলা ভিত বিশিষ্ট ২তলা মানসিক ভারসাম্যহীন কয়েদী ব্যারাকের নীচতলায় মানসিক ভারসাম্যহীন কয়েদী ও মাদকাসক্তি নিরাময় কেন্দ্র এবং ২য় তলায় যক্ষারোগে আক্রান্ত কয়েদীদের রাখা হয়। নীচতলার রুমগুলোর ভিতরে স্যাঁতস্যাতে হয়ে গেছে। ফ্লোর সংলগ্ন দেয়ালগুলোতে রং উঠে গেছে ও কোথাও কোথাও প্লাস্টার খসে গেছে।

(ঘ) **জেল স্কুল ও লাইব্রেরি:** একতলা বিশিষ্ট এ ভবনটিলাইব্রেরি এবং কম্পিউটার প্রশিক্ষণ কেন্দ্র হিসেবে ব্যবহৃত হচ্ছে। ডিপিপিতে স্কুল ও লাইব্রেরি হিসেবে ব্যবহারের প্রভিশন থাকলেও অন্যান্য ভবনে স্কুলের কার্যক্রম পরিচালনা করা হয় মর্মে জেলের প্রতিনিধি জানান। লাইব্রেরিতে বঙ্গবন্ধু কর্ণার করা হয়েছে। লাইব্রেরি থেকে প্রতিদিন কয়েদীরা বই গ্রহণ করছে। রেজিস্টারে দেখা গেল যে বই ইস্যু হয়েছে।

(ঙ) **পেরিমিটার ওয়াল ও সেগ্রিগেশন ওয়াল:**একটি ভবনকে আরএকটি ভবন হতে পৃথক করতে সেমিগ্রেশন ওয়াল নির্মাণ করা হয়েছে। প্রতিটি জেলের চারদিকে পেরিমিটার ওয়াল নির্মাণ করা হয়েছে। সেগ্রিগেশন ওয়ালের নীচের দিকেররং খসে গেছে।

(চ) **পুরুষ হাসপাতালঃ** ৪ তলা বিশিষ্ট হাসপাতালটিতে বিভিন্ন ফ্লোরে অসুস্থ কয়েদীরা রয়েছে। নীচতলা ও ২য় তলায় ইমার্জেন্সিরুম পরিদর্শন করা হয়। রুমগুলো পরিস্কার-পরিচ্ছন্ন দেখা গেছে।

(ছ) **অভ্যন্তরীণ আরসিসি রাস্তাঃ**অভ্যন্তরীণ আরসিসি রাস্তা পরিদর্শন করা হয়। রাস্তাগুলোর নির্মাণ আপাত দৃষ্টিতে ভালো মনে হয়েছে।

(জ) **দর্শনার্থী রুমঃ** একতলা বিশিষ্ট একটি দর্শনার্থী রুম পরিদর্শন করা হয়। উক্ত রুমের বাথরুমের একটি দেয়ালে ক্র্যাক দেখা গিয়েছে এবং দেয়ালের নীচের অংশের রং উঠে গেছে।

১৫.২। **নারী জেল:**নারী জেলের আওতায় পরিদর্শনকৃত ভবনের বিবরণ নিম্নরুপ:

(ক) **২০ বেড বিশিষ্ট হাসপাতাল:** ৩ তলা বিশিষ্ট মহিলা হাসপাতালটি পরিদর্শন করা হয়। জনবলের অভাবে হাসপাতালটি বন্ধ রয়েছে। তবে করোনাকালীন আইসোলেশন সেন্টার হিসেবে ব্যবহৃত হয়েছে। হাসপাতালের বেড, টেবিল, চেয়ার অব্যবহৃত অবস্থায় পড়ে আছে। ফ্লোরগুলোতে ময়লা জমে আছে। ব্যবহার না করা হলে অতি শীঘ্রই ভবনগুলো নষ্ট হয়ে যাবে। কয়েকটি দরজায় ফাটল দেখা গেছে। প্রতিটি ফ্লোরে সিসি ক্যামেরা লাগানো রয়েছে।

(খ) **স্কুল ভবন:**২ তলা বিশিষ্ট স্কুল ভবনটিও ব্যবহার হয় না, পড়ে আছে।

(গ) **ভার্চুয়াল কোর্ট:**একতলা বিশিষ্ট ভার্চুয়াল কোর্ট ব্যবহার হয় না।

(ঘ) **পুকুরঃ** মহিলা জেলের মধ্যে একটি পুকুর খনন করা হয়েছে। পুকুরে কোন পানি নেই। আগাছা জমে আছে।

(ঙ) **ডিআইজি'র বাসভবনঃ** ০২তলা বিশিষ্ট একটি ডুপ্লেক্স ভবন পরিদর্শন করা হয়। ভবনটি খালি অবস্থায় পড়ে আছে। ব্যবহার হয় না।

১৫.৩ **যানবাহনঃ** প্রকল্পের আওতায় ক্রয়কৃত ০২টি এ্যাম্বুলেন্স ও ০১টি স্কুল বাস পরিদর্শন করা হয়। ০২টি স্কুল বাস, ০২টি পাজারো জীপ, ৪টি পিকআপ ভ্যান এবং ০৪টি এ্যাম্বুলেন্সের মধ্যে ০২টি এ্যাম্বুলেন্সের রেজিস্ট্রেশন সম্পন্ন হয়েছে। ০২টি এ্যাম্বুলেন্সের রেজিস্ট্রেশন এখনও সম্পন্ন হয়নি।

১৬। **সার্বিক পর্যবেক্ষণঃ**

১৬.১ জনবলের অভাবে মহিলা জেলের কার্যক্রম শুরু করা হয়নি। ফলে অবকাঠামোগুলো ব্যবহার না হওয়ার ফলে ভবনের ধুল্য, ময়লা জমে অবকাঠামো ও হাসপাতালের আসবাবপত্র পড়ে পড়ে নষ্ট হয়ে যাবে। সরকারি অর্থের অপচয় রোধে জরুরি ভিত্তিতে জনবল নিয়োগ করা প্রয়োজন।

১৬.২ খসড়া প্রতিবেদন উপস্থাপন করা হলে নথিতে সচিব মহোদয় প্রকল্পের ক্রয় কার্যক্রমের বিস্তারিত স্ট্যাডি জানতে চেয়ে নির্দেশনা দেন। সে মোতাবেক ১৪/০৮/২০২২ তারিখে পত্র নং-১৭ মারফত সুরক্ষা সেবা বিভাগে তথ্য চেয়ে পত্র প্রেরণ করা হয়। প্রায় ৮ মাস পরে জবাব পাওয়া গেছে, যা মোটেও কাম্য নয়।

১৭। প্রকল্পের অডিট সংক্রান্ত তথ্যঃ ২০১৩-২০১৪ অর্থবছর হতে ২০১৮-২০১৯ অর্থবছর পর্যন্ত সকল অর্থবছরের ইন্টারনাল ও এক্সটারনাল অডিট সম্পন্ন হয়েছে। কোন আপত্তি নেই।

১৮। জনবল সংক্রান্ত তথ্যঃঢাকা কেন্দ্রীয় কারাগারের মহিলা কেন্দ্রীয় কারাগারের জন্য অস্থায়ীভাবে রাজস্বখাতে১৭২টি পদ সৃজন এবং ০৩ (তিন)টি যানবাহন টিওএন্ডই-তে অন্তর্ভুক্তকরণের নিমিত্ত সুরক্ষা সেবা বিভাগ অর্থ বিভাগে ২৪ এপ্রিল ২০২২ তারিখে পত্র প্রেরণ করেছে।

১৯.০ পরিদর্শনকালে গৃহীত কিছু স্থির চিত্র:

<table>
<tr><td></td><td></td></tr>
<tr><td>ঢাকা কেন্দ্রীয় কারাগার, কেরাণীগঞ্জ</td><td>মহিলা কেন্দ্রীয় হসপিটালে পড়া থাকা আসবাবপত্র</td></tr>
<tr><td></td><td></td></tr>
<tr><td>মহিলা কেন্দ্রীয় কারাগারের পুকুরে আগাছা</td><td>রেজিস্ট্রেশন বিহীন এ্যাম্বুলেন্স</td></tr>
<tr><td></td><td></td></tr>
<tr><td>পুরুষ কারাগারের প্রশাসনিক ভবনের নীচতলার রুমের অবস্থা</td><td>মহিলা কারাগারে অব্যবহৃত স্কুল ভবন।</td></tr>
</table>

২০.০ আইএমইডি'র মতামতঃ

২০.১ আলোচ্য প্রকল্পের PCR মূল্যায়ন প্রতিবেদন সচিব মহোদয়ের নিকট উপস্থাপন করা হলে সচিব মহোদয় "প্রকল্পের কার্যক্রমের বিস্তারিত স্টাডি চাই" সংক্রান্ত নির্দেশনা দেন। সে মোতাবেক আইএমইডি'র ২১.০০.০০০০.৪৬৬.০১৪.০৯৩.২০১৭-১৭ স্মারক ও ১৪/০৮/২০২২ তারিখে সুরক্ষা সেবা বিভাগে পত্র প্রেরণের প্রেক্ষিতে প্রায় আচ (০৮) মাস পরে উক্ত পত্রের জবাব পাওয়া গেছে। আলোচ্য প্রকল্পের বাস্তবায়িত কাজ ১৯/০৫/২০২২ তারিখে সরেজমিন পরিদর্শন করা হলেও প্রতিবেদনটি জারি করা সম্ভব হয়নি। ভবিষ্যতে এ ধরণের বিলম্ব পরিহারে সুরক্ষা সেবা বিভাগ সচেষ্ট থাকবে (অনুচ্ছেদ-১৬.২) ;

২০.২ মহিলা কেন্দ্রীয় কারাগারে কার্যক্রম শুরু করার লক্ষ্যে জনবল নিয়োগের বিষয়ে আশু প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা আবশ্যক (অনুচ্ছেদ-১৮);

২০.৩ ক্রয়কৃত ১৪টি বিভিন্ন ধরনের যানবাহনের মধ্যে ৩টি যানবাহন টিওএন্ডইভুক্ত করার বিষয়ে অর্থ বিভাগে পত্র প্রেরণ করা হয়েছে। অবশিষ্ট যানবাহনগুলোর ক্ষেত্রে কি পদক্ষেপ গ্রহণ করা হয়েছে তা আইএমইডিকে ১৫/১১/২০২৩ তারিখের অবহিত করতে হবে (অনুচ্ছেদ ১৫.৩)

২০.৪ যে দু'টি এ্যাম্বুলেন্সের রেজিস্ট্রেশন সম্পন্ন হয়নি সেগুলোর রেজিস্ট্রেশন কোন পর্যায়ে রয়েছে তা আইএমইডিকে ১৫/১১/২০২৩ অবহিত করতে হবে;

২০.৫ মানসিক ভারসাম্যহীন কয়েদী ওয়ার্ডের নীচতলার রুমের রং উঠে যাওয়া, পুরুষ জেলের সেগ্রিগেশন ওয়ালের নীচের দিকের প্লাস্টার ও রং উঠে যাওয়া, দর্শনার্থী রুমের বাথরুমের দেয়ালের প্লাস্টার খসে যাওয়া ও দেয়ালে হেয়ার ক্র্যাক; প্রশাসনিক ভবনের নীচতলার রুমটির দেয়ালের রং ওঠে যাওয়া ইত্যাদি মেরামতের বিষয়ে গণপূর্ত বিভাগের সাথে যোগাযোগপূর্বক আশু ব্যবস্থা গ্রহণ করতে হবে;

২০.৬ মহিলা জেলের পুকুরের আগাছা পরিস্কার করে পুকুরটিতে পানি সরবরাহের ব্যবস্থা করার প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করা সমীচীন হবে {অনুচ্ছেদ ১৫.২ (ঘ)};

২০.৭ সরকারি অর্থে নির্মিত অবকাঠামো ও বিভিন্ন ধরনের উপকরণ/আসবাবপত্র ইত্যাদির অপচয় রোধে যথাযথ ব্যবহার নিশ্চিত করতে সুরক্ষা সেবা বিভাগ ও কারা অধিদপ্তর সচেষ্ট হবে {অনুচ্ছেদ ১৫.২ (ক, খ, গ, ঘ ও ঙ)};

মহিলা কারারক্ষীদের জন্য আবাসন নির্মাণ (১ম সংশোধিত) শীর্ষক প্রকল্পের সমাপ্তি প্রতিবেদন

(সমাপ্ত: ডিসেম্বর/২০১৯)

প্রকল্পের মৌলিক তথ্য

১.	**প্রকল্পের নাম**	:	**মহিলা কারারক্ষীদের জন্য আবাসন নির্মাণ (১ম সংশোধিত) প্রকল্প।**
২.	**উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ**	:	**সুরক্ষা সেবা বিভাগ,স্বরাষ্ট্র মন্ত্রণালয়।**
৩.	**বাস্তবায়নকারী সংস্থা**	:	**কারা অধিদপ্তর/গণপূর্ত অধিদপ্তর।**
৪.	**প্রকল্পের ধরণ**	:	**বিনিয়োগ**
৫.	**অর্থায়নের উৎস**	:	**সম্পূর্ণ জিওবি**
৬.	**উন্নয়ন সহযোগী**	:	প্রযোজ্য নয়।

৭. **প্রকল্প ব্যয়, বাস্তবায়ন কাল ও অনুমোদন সংক্রান্ত:** (লক্ষ টাকা)

বিষয়	অনুমোদিত প্রাক্কলিত ব্যয়		বাস্তবায়ন কাল	পরিবর্তন	
	মোট	জিওবি		ব্যয়	সময়
মূল	৯৩৯৬.৭৮	৯৩৯৬.৭৮	জুলাই/২০১৬ হতে জুন/২০১৯	-	
মেয়াদবৃদ্ধি	৮৩১৯.৮৭	৮৩১৯.৮৭	জুলাই/২০১৬ হতে ডিসেম্বর/২০১৯	-১২.৯৪%	১৬.৬৭%

৮. প্রকল্প এলাকা: ৪০টি জেলায় (আরডিপিপি)

ক্রম.	**৬০০ বর্গফুট নতুন ভবন নির্মাণ**	**৬০০ বর্গফুট ভবনের উর্ধ্বমুখী সম্প্রসারণ**
১.	ঢাকা কেন্দ্রীয় কারাগার (পুরাতন) ৪০৩.০০	মুন্সিগঞ্জ জেলা কারাগার ৬১.৮০
২	গাজীপুর কাশিমপু কারাগার ৩৭৯.২৯	রাজবাড়ী জেলা কারাগার ৫৬.৫০
৩.	ফরিদপুর জেলা কারাগার ২৭২.১৮	গোপালগঞ্জ জেলা কারাগার ৮২.৬৩
৪.	টাঙ্গাইল জেলা কারাগার ২১১.৭৩	শেরপুর জেলা কারাগার ৪৮.৭৫
৫.	মানিকগঞ্জ জেলা কারাগার ২৩১.১৩	বি-বাড়ীয় জেলা কারাগার ৯৯.৭০
৬.	নারায়ণগঞ্জ জেলা কারাগার ২২৩.৬৯	চাঁদপুর জেলা কারাগার ৮৯.৫০
৭.	শরীয়াতপুর জেলা কারাগার ১৫৯.৪১	কক্স বাজার জেলা কারাগার ৮২.৩৯
৮.	ময়মনসিংহ জেলা কারাগার ৪১২.৬৭	হবিগঞ্জ জেলা কারাগার ৯০.৫৭

ক্রম.	৬০০ বর্গফুট নতুন ভবন নির্মাণ	৬০০ বর্গফুট ভবনের উর্ধ্বমুখী সম্প্রসারণ
৯.	জামালপুর জেলা কারাগার ২৫১.০৬	বাগেরহাট জেলা কারাগার ৬১.৬৫
১০.	রাজশাহী কেন্দ্রীয় কারাগার ৩৬৮.৬০	নড়াইল জেলা কারাগার ৩১.৯৯
১১.	বগুড়া জেলা কারাগার ১৬৪.৬৩	চুয়াডাঙ্গা জেলা কারাগার ৩৭.৪৩
১২.	জয়পুরহাট জেলা কারাগার ২০৫.২	ঝিনাইদহ জেলা কারাগার ১১৭.৮২
১৩.	রংপুর জেলা কারাগার ৩৮৮.৬	মেহেরপুর জেলা কারাগার ৮৯.৬২
১৪.	কুড়িগ্রাম জেলা কারাগার ২০০.৯৫	গাইবান্ধা জেলা কারাগার ৬১.০৫
১৫.	কুমিল্লা কেন্দ্রীয় কারাগার ৪০৪.২৯	লালমনিরহাট জেলা কারাগার ৩৯.৯৩
১৬.	চাপাইনবাবগঞ্জ জেলা কারাগার ২০২.৯৯	পঞ্চগড় জেলা কারাগার ১৬.৫০
১৭.	সাতক্ষীরা জেলা কারাগার ২০৪.৭৫	
১৮.	যশোহর কেন্দ্রীয় জেলা কারাগার ৩৫৪.৫০	
১৯.	কুষ্টিয়া জেলা কারাগার ১৯৮.৪৯	
২০.	চট্টগ্রাম কেন্দ্রীয় কারাগার ৩৮৭.৫০	
২১.	বরিশাল কেন্দ্রীয় কারাগার ৪৪০.০০	
২২.	পটুয়াখালী জেলা কারাগার ২৩২.৯৭	
২৩.	ঝালকাঠি জেলা কারাগার ২১৮.৭৪	
২৪.	নোয়াখালী জেলা কারাগার ২০৩.৪৬	

৯. প্রকল্পের উদ্দেশ্য: প্রকল্পের মাধ্যমে দেশের কারাগারসমূহে মহিলা কারারক্ষীদের জন্য আবাসনের ব্যবস্থা নিশ্চিত করা।

১০. প্রকল্পের প্রধান প্রধান কার্যক্রমসমূহ : আবাসিক ভবন, অন্যান্য ভবন ও স্থাপনা, পানি সরবরাহ ও স্বাস্থ্য বিধান (বহি:পানি সরবরাহ), বহি:বিদ্যুতায়ন বহি:গ্যাস সরবরাহ।

প্রকল্পের বাস্তবায়ন সংক্রান্ত তথ্য

১১. অঙ্গভিত্তিক অগ্রগতি: (লক্ষ টাকা)

ক্র: নং	অঙ্গের নাম	ডিপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা			প্রকৃত খরচ		
০১	০২	০৩	০৪	০৫	০৬	০৭	০৮
(ক) রাজস্ব:							
		বাস্তব	আর্থিক		বাস্তব	আর্থিক	
			জিওবি	মোট	জিওবি	জিওবি	মোট
০১	প্রকল্প পরিচালকের মূল বেতন	৩৮.৫৪	৩৮.৫৪	৩৮.৫৪	৩৮.৫৪	৩৮.৫৪	৩৮.৫৪
০২	প্রকল্প দপ্তরে কর্মচারীদের বেতন	৩.৪৬	৩.৪৬	৩.৪৬	৩.৪৬	৩.৪৬	৩.৪৬
০৩	দায়িত্ব ভাতা	০.২৪	০.২৪	০.২৪	০.২৪	০.২৪	০.২৪
০৪	শিক্ষা ভাতা	০.৭০	০.৭০	০.৭০	০.৭০	০.৭০	০.৭০
০৫	বাড়ি ভাড়া	১০.৫০	১০.৫০	১০.৫০	১০.৫০	১০.৫০	১০.৫০
০৬	চিকিৎসা ভাতা	১.০৪	১.০৪	১.০৪	১.০৪	১.০৪	১.০৪
০৭	মোবাইল/সেল ফোন ভাতা	০.২৪	০.২৪	০.২৪	০.২৪	০.২৪	০.২৪
০৮	আবাসিক টেলিফোন নগদায়ন ভাতা	০.৪৪	০.৪৪	০.৪৪	০.৪৪	০.৪৪	০.৪৪
০৯	যাতায়াত ভাতা	০.১০	০.১০	০.১০	০.১০	০.১০	০.১০
১০	টিফিন ভাতা	০.০৭	০.০৭	০.০৭	০.০৭	০.০৭	০.০৭
১১	উৎসব ভাতা	০.৭৫	০.৭৫	০.৭৫	০.৭৫	০.৭৫	০.৭৫
১২	শ্রান্তি ও বিনোদন ভাতা	০.৬৪	০.৬৪	০.৬৪	০.৬৪	০.৬৪	০.৬৪
১৩	বাংলা নববর্ষ ভাত	০.৪৪	০.৪৪	০.৪৪	০.৪৪	০.৪৪	০.৪৪
১৪	সম্মানী	১.০৭	১.০৭	১.০৭	১.০৭	১.০৭	১.০৭
১৫	পরিস্কার পরিচ্ছন্নতা ব্যয় (প্রকল্প অফিস)	০.৯৩	০.৯৩	০.৯৩	০.৯৩	০.৯৩	০.৯৩
১৬	আপ্যায়ন ব্যয় (প্রকল্প অফিস)	১.২২	১.২২	১.২২	১.২২	১.২২	১.২২
১৭	শ্রমিক মজুরি (প্রকল্প অফিস)	২.৭০	২.৭০	২.৭০	২.৭০	২.৭০	২.৭০
১৮	ইন্টারনেট/ফ্যাক্স/টেলেক্স (প্রকল্প অফিস)	০.৩৩	০.৩৩	০.৩৩	০.৩৩	০.৩৩	০.৩৩
১৯	টেলিফোন (প্রকল্প অফিস)	০.৩২	০.৩২	০.৩২	০.৩২	০.৩২	০.৩২
২০	বইপত্র ও সাময়িকী	০.২০	০.২০	০.২০	০.২০	০.২০	০.২০
২১	যাতায়াত ব্যয় (প্রকল্প অফিস কর্মচারী)	০.৩৪	০.৩৪	০.৩৪	০.৩৪	০.৩৪	০.৩৪
২২	বিজ্ঞপ্তি	২০.০০	২০.০০	২০.০০	২০.০০	২০.০০	২০.০০

ক্র: নং	অঙ্গের নাম	ডিপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা			প্রকৃত খরচ		
০১	০২	০৩	০৪	০৫	০৬	০৭	০৮
(ক) রাজস্ব:							
		বাস্তব	আর্থিক		বাস্তব	আর্থিক	
			জিওবি	মোট	জিওবি	জিওবি	মোট
২৩	যানবাহনের জ্বালানী ও লুব্রিকেন্ট	৩.৮৬	৩.৮৬	৩.৮৬	৩.৮৬	৩.৮৬	৩.৮৬
২৪	গ্যাস	৩.৬৪	৩.৬৪	৩.৬৪	৩.৬৪	৩.৬৪	৩.৬৪
২৫	অভ্যান্তরীণ ভ্রমণ ব্যয়	২.১৫	২.১৫	২.১৫	২.১৫	২.১৫	২.১৫
২৬	কম্পিউটার সামগ্রী	০.৭৫	০.৭৫	০.৭৫	০.৭৫	০.৭৫	০.৭৫
২৭	ডিপিপি প্রণয়ন কাঠামোগত নকশা প্রস্তুতকরণ ও ছাপানো, স্টেশনারী ক্রয় ইত্যাতি (গণপূর্ত)	৩.০০	৩.০০	৩.০০	৩.০০	৩.০০	৩.০০
২৮	মাঠপর্যায়ে দরপত্র প্রস্তুতকরণ, স্টেশনারী ইত্যাদি (স্থাপত্য অধিদপ্তরের জন্য)	২.০০	২.০০	২.০০	২.০০	২.০০	২.০০
২৯	স্থপত্য নকশা প্রস্তুতকরণ ও ছাপানো ইত্যাদি (স্থাপত্য অধিদপ্তরের জন্য)	৩.০০	৩.০০	৩.০০	৩.০০	৩.০০	৩.০০
৩০	অন্যান্য মনিহারী	৮.০০	৮.০০	৮.০০	৮.০০	৮.০০	৮.০০
৩১	মাটি ও উপকরণ পরীক্ষা ও ডিজিটাল	৩২.০০	৩২.০০	৩২.০০	৩২.০০	৩২.০০	৩২.০০
৩২	মোরটযান রক্ষনাবেক্ষণ ব্যয়	৪.২৫	৪.২৫	৪.২৫	৪.২৫	৪.২৫	৪.২৫
৩৩	যানবাহনের মেরামত ও রক্ষনাবেক্ষণ	২.৫৪	২.৫৪	২.৫৪	২.৫৪	২.৫৪	২.৫৪
উপমোট (রাজস্ব)		১৪৯.৪৬	১৪৯.৪৬	১৪৯.৪৬	১৪৯.৪৬	১৪৯.৪৬	১৪৯.৪৬
(খ) মূলধন:							
৩৪	যানবাহন ক্রয়	৫৮.৯৩	৫৮.৯৩	৫৮.৯৩	৫৮.৯৩	৫৮.৯৩	৫৮.৯৩
৩৫	অফিস সরঞ্জামাদি (প্রকল্প অফিস)	৫.৫০	৫.৫০	৫.৫০	৫.৫০	৫.৫০	৫.৫০
৩৬	আসবাবপত্র	২২১.৩৫	২২১.৩৫	২২১.৩৫	২২১.৩৫	২২১.৩৫	২২১.৩৫
৩৭	অগ্নিনির্বাপক সরঞ্জামাদি	৯৭.০৩	৯৭.০৩	৯৭.০৩	৯৭.০৩	৯৭.০৩	৯৭.০৩
৩৮	আবাসিক ভবন	৬৮৩৬.২৪	৬৮৩৬.২৪	৬৮৩৬.২৪	৬৮৩৬.২৪	৬৮৩৬.২৪	৬৮৩৬.২৪

ক্র: নং	অঙ্গের নাম	ডিপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা			প্রকৃত খরচ		
০১	০২	০৩	০৪	০৫	০৬	০৭	০৮
(ক) রাজস্ব:							
		বাস্তব	আর্থিক		বাস্তব	আর্থিক	
			জিওবি	মোট	জিওবি	জিওবি	মোট
৩৯	অন্যান্য ভবন ও স্থাপনা	৩৬৫.৮০	৩৬৫.৮০	৩৬৫.৮০	৩৬৫.৮০	৩৬৫.৮০	৩৬৫.৮০
৪০	ভূমি উন্নয়ন	৬৯.১১	৬৯.১১	৬৯.১১	৬৯.১১	৬৯.১১	৬৯.১১
৪১	পানি সরবরাহ ও স্বাস্থ্য বিধান	২৬০.১৫	২৬০.১৫	২৬০.১৫	২৬০.১৫	২৬০.১৫	২৬০.১৫
৪২	বহি:বিদ্যুতায়ন	২৩৮.৩০	২৩৮.৩০	২৩৮.৩০	২৩৮.৩০	২৩৮.৩০	২৩৮.৩০
৪৩	বহি:গ্যাস সরবরাহ	১৮.০০	১৮.০০	১৮.০০	১৮.০০	১৮.০০	১৮.০০
উপমোট (মূলধন)		৮১৭০.৪১	৮১৭০.৪১	৮১৭০.৪১	৮১৭০.৪১	৮১৭০.৪১	৮১৭০.৪১
(গ) ফিজিক্যাল কনটিনজেন্সি		**০.০০**	**০.০০**	**০.০০**	**০.০০**	**০.০০**	**০.০০**
(ঘ) প্রাইস কনটিনজেন্সি		**০.০০**	**০.০০**	**০.০০**	**০.০০**	**০.০০**	**০.০০**
সর্ব মোট (ক+ক+গ+ঘ):		**৮৩১৯.৮৭**	**৮৩১৯.৮৭**	**৮৩১৯.৮৭**	**৮৩১৯.৮৭**	**৮৩১৯.৮৭**	**৮৩১৯.৮৭**

১২. অর্থ বছর ভিত্তিক ডিপিপি/টিপিপি'র সংস্থান, বরাদ্দ, অর্থছাড় ও প্রকৃত ব্যয়:

(লক্ষ টাকায়)

অর্থ বছর	ডিপিপি সংস্থান	এডিপি/আরএডিপি বরাদ্দ	অর্থ ছাড়	প্রকৃত ব্যয়
২০১৬-২০১৭	২৭৮৭.৫৬	১৬৮.২৭	১৬৮.২৭	১৬৮.২৭ (১০০%)
২০১৭-২০১৮	৩৭৪৬.২১	২৯৯৭.৩৩	২৯৯৭.৩৩	২৯৯৭.৩৩ (১০০%)
২০১৮-২০১৯	২৮৬৩.০১	৩৮৫৫.৯০	৩৮৫৫.৯০	৩৮৫৫.৯০ (১০০%)
২০১৯-২০২০	১২৯৮.৩৭	১২৯৮.৩৭	১২৯৮.৩৭	১২৯৮.৩৭ (১০০%)

১৩. মূল ডিপিপি এবং প্রকৃত ব্যয়ের অংগ ভিত্তিক তুলনা: (লক্ষ টাকায়)

ইকোনমিক কোড	মূল/সংশোধিত অনুমোদিত ডিপিপি			প্রকৃত অর্জন			পার্থক্য	
	ব্যয়			ব্যয়			ব্যয়	
	পরিমান	মোট	জিওবি (বৈ: মুদ্রা)	পরিমান	মোট	জিওবি (বৈ: মুদ্রা)	মোট	জিওবি (বৈ: মুদ্রা)
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯
(ক) রাজস্ব								
৩১১১১০১		৩৮.৫৪	৩৮.৫৪		৩৮.৫৪	৩৮.৫৪	০.০০	০.০০
৩১১১২০১		৩.৪৬	৩.৪৬		৩.৪৬	৩.৪৬	০.০০	০.০০
৩১১১৩০১		০.২৪	০.২৪		০.২৪	০.২৪	০.০০	০.০০
৩১১১৩০২		০.৭০	০.৭০		০.৭০	০.৭০	০.০০	০.০০
৩১১১৩০৬		১০.৫০	১০.৫০		১০.৫০	১০.৫০	০.০০	০.০০
৩১১১৩১০		১.০৪	১.০৪		১.০৪	১.০৪	০.০০	০.০০
৩১১১৩১১		০.২৪	০.২৪		০.২৪	০.২৪	০.০০	০.০০
৩১১১৩১২		০.৪৪	০.৪৪		০.৪৪	০.৪৪	০.০০	০.০০
৩১১১৩১৩		০.১০	০.১০		০.১০	০.১০	০.০০	০.০০
৩১১১৩১৪		০.০৭	০.০৭		০.০৭	০.০৭	০.০০	০.০০
৩১১১৩২৫		০.৭৫	০.৭৫		০.৭৫	০.৭৫	০.০০	০.০০
৩১১১৩২৮		০.৬৪	০.৬৪		০.৬৪	০.৬৪	০.০০	০.০০
৩১১১৩৩২		০.৪৪	০.৪৪		০.৪৪	০.৪৪	০.০০	০.০০
৩১১১৩৩৫		১.০৭	১.০৭		১.০৭	১.০৭	০.০০	০.০০
৩২১১১০২		০.৯৩	০.৯৩		০.৯৩	০.৯৩	০.০০	০.০০
৩২১১১০৬		১.২২	১.২২		১.২২	১.২২	০.০০	০.০০
৩২১১১০৯		২.৭০	২.৭০		২.৭০	২.৭০	০.০০	০.০০
৩২১১১১৭		০.৩৩	০.৩৩		০.৩৩	০.৩৩	০.০০	০.০০

ইকোনমিক কোড	মূল/সংশোধিত অনুমোদিত ডিপিপি			প্রকৃত অর্জন			পার্থক্য	
	ব্যয়			ব্যয়			ব্যয়	
	পরিমান	মোট	জিওবি (বৈ: মুদ্রা)	পরিমান	মোট	জিওবি (বৈ: মুদ্রা)	মোট	জিওবি (বৈ: মুদ্রা)
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯
৩২১১১২০		০.৩২	০.৩২		০.৩২	০.৩২	০.০০	০.০০
৩২১১১২৭		০.২০	০.২০		০.২০	০.২০	০.০০	০.০০
৩২১১১৩০		০.৩৪	০.৩৪		০.৩৪	০.৩৪	০.০০	০.০০
৩২১১১২৫		২০.০০	২০.০০		২০.০০	২০.০০	০.০০	০.০০
৩২৪৩১০১		৩.৮৬	৩.৮৬		৩.৮৬	৩.৮৬	০.০০	০.০০
৩২৪৩১০২		৩.৬৪	৩.৬৪		৩.৬৪	৩.৬৪	০.০০	০.০০
৩২৪৪১০১		২.১৫	২.১৫		২.১৫	২.১৫	০.০০	০.০০
৩২৫৫১০১		০.৭৫	০.৭৫		০.৭৫	০.৭৫	০.০০	০.০০
৩২৫৫১০২		৩.০০	৩.০০		৩.০০	৩.০০	০.০০	০.০০
৩২৫৫১০৪		২.০০	২.০০		২.০০	২.০০	০.০০	০.০০
		৩.০০	৩.০০		৩.০০	৩.০০	০.০০	০.০০
৩২৫৫১০৫		৮.০০	৮.০০		৮.০০	৮.০০	০.০০	০.০০
৩২২১১০৫		৩২.০০	৩২.০০		৩২.০০	৩২.০০	০.০০	০.০০
৩২৫৮১৪০		৪.২৫	৪.২৫		৪.২৫	৪.২৫	০.০০	০.০০
৩২৫৮১০১		২.৫৪	২.৫৪		২.৫৪	২.৫৪	০.০০	০.০০
উপ-মোট (রাজস্ব)		**১৪৯.৪৬**	**১৪৯.৪৬**		**১৪৯.৪৬**	**১৪৯.৪৬**	০.০০	০.০০
(খ) মূলধন								
৪১১২১০১		৫৮.৯৩	৫৮.৯৩		৫৮.৯৩	৫৮.৯৩	০.০০	০.০০
৪১১২৩০৫		৯৭.০৩	৯৭.০৩		৯৭.০৩	৯৭.০৩	০.০০	০.০০
৪১১২৩১০		৫.৫০	৫.৫০		৫.৫০	৫.৫০	০.০০	০.০০
৪১১২৩১৪		২২১.৩৫	২২১.৩৫		২২১.৩৫	২২১.৩৫	০.০০	০.০০
৪১১১১০১		৯৭.০৩	৯৭.০৩		৯৭.০৩	৯৭.০৩	০.০০	০.০০

ইকোনমিক কোড	মূল/সংশোধিত অনুমোদিত ডিপিপি			প্রকৃত অর্জন			পার্থক্য	
	ব্যয়			ব্যয়			ব্যয়	
	পরিমান	মোট	জিওবি (বৈ: মুদ্রা)	পরিমান	মোট	জিওবি (বৈ: মুদ্রা)	মোট	জিওবি (বৈ: মুদ্রা)
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯
৪১১১৩১৭		৩৬৫.৮০	৩৬৫.৮০		৩৬৫.৮০	৩৬৫.৮০	০.০০	০.০০
৪১১১১০১		৬৮৩৬.২৪	৬৮৩৬.২৪		৬৮৩৬.২৪	৬৮৩৬.২৪	০.০০	০.০০
৪১১১৩০৯		৬৯.১১	৬৯.১১		৬৯.১১	৬৯.১১	০.০০	০.০০
৪১১২৩১৩		২৬০.১৫	২৬০.১৫		২৬০.১৫	২৬০.১৫	০.০০	০.০০
৪১১১৩১৬		১৮.০০	১৮.০০		১৮.০০	১৮.০০	০.০০	০.০০
উপ-মোট (মূলধন)		৮১৭০.৪১	৮১৭০.৪১		৮১৭০.৪১	৮১৭০.৪১	০.০০	০.০০
মোট (ক+খ)		**৮৩১৯.৮৭**	**৮৩১৯.৮৭**		**৮৩১৯.৮৭**	**৮৩১৯.৮৭**	০.০০	০.০০
গ) ফিজিক্যাল কন্টিনজেন্সি		০.০০%	০.০০%		০.০০%	০.০০%	০.০০	০.০০
ঘ) প্রাইস কন্টিনজেন্সি		০.০০%	০.০০%		০.০০%	০.০০%	০.০০	০.০০
সর্বমোট (ক+খ+গ+ঘ)	-	**৮৩১৯.৮৭**	**৮৩১৯.৮৭**		**৮৩১৯.৮৭**	**৮৩১৯.৮৭**	০.০০	০.০০

১৪. ডিপিপি'তে মোট প্যাকেজ সংখ্যা: (ক) পণ্য প্যাকেজ ৪ (চার) টি (খ) পূর্ত প্যাকেজ ৪০ (চল্লিশ)টি (গ) সেবা প্যাকেজ ২ (দুই)টি =মোট প্যাকেজ সংখ্যা ৪৬ (ছেচল্লিশ)টি

১৫. প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য:

প্রকল্প পরিচালকের নাম	মূল দপ্তর ও পদবি	দায়িত্বকাল	দায়িত্বের ধরণ (নিয়মিত/অতিরিক্ত)	একাধিক প্রকল্পের প্রকল্প পরিচালক হিসাবে দায়িত্ব প্রাপ্ত কিনা	
				হ্যাঁ/না	প্রকল্প সংখ্যা
১	২	৩	৪	৫	৬
জনাব মো. বজলূর রশীদ	কারা অধিদপ্তর কারা উপ মহাপরিদর্শক	২২/১২/২০১৬ ২০/০৪/২০১৭	অতিরিক্ত	না	১ (এক)টি
জনাব মো. নূরুল আমিন	উপসচিব প্রকল্প পরিচালক	২০/০৪/২০১৭ ০৬/০৮/২০১৭	নিয়মিত	না	১ (এক)টি
জনাব মোকতার আহমদ চৌধুরী	উপসচিব প্রকল্প পরিচালক	০৬/০৮/২০১৭ ১২/০৬/২০১৮	নিয়মিত	না	১ (এক)টি
জনাব এনায়েত উল্লাহ্ খাঁন	উপসচিব	১২/০৬/২০১৮	অতিরিক্ত	হ্যাঁ	২ (দুই)টি

ইউছুফ জী	প্রকল্প পরিচালক	২৪/০৬/২০১৮			
জনাব মোকতার আহমদ চৌধুরী	উপসচিব প্রকল্প পরিচালক	২৪/০৬/২০১৮ ২০/০১/২০১৯	নিয়মিত	না	১ (এক)টি
জনাব এনায়েত উল্লাহ্ খাঁন ইউছুফ জী	যুগ্মসচিব প্রকল্প পরিচালক	২১/০১/২০১৯ ০৪/০২/২০১৯	অতিরিক্ত	হ্যাঁ	২ (দুই)টি
জনাব মোকতার আহমদ চৌধুরী	উপসচিব প্রকল্প পরিচালক	০৫/০২/২০১৯ ১৭/০৭/২০১৯	নিয়মিত	না	১ (এক)টি
জনাব এনায়েত উল্লাহ্ খাঁন ইউছুফ জী	যুগ্মসচিব প্রকল্প পরিচালক	১৮/০৮/২০১৯ ৩১/০৮/২০১৯	অতিরিক্ত	হ্যাঁ	২ (দুই)টি
জনাব মোকতার আহমদ চৌধুরী	উপসচিব প্রকল্প পরিচালক	০১/০৯/২০১৯ ৩১/১২/২০১৯	নিয়মিত	না	১ (এক)টি

প্রকল্প পরিদর্শন সংক্রান্ত পর্যবেক্ষণ

১৬. **পরিদর্শনকৃত এলাকা :** মহিলা কারারক্ষীদের জন্য আবাসন নির্মাণ প্রকল্প কুড়িগ্রাম জেলা ও কুমিল্লা জেলার প্রকল্প এলাকা।

১৭. **পরিদর্শনকারী কর্মকর্তার নাম :** এস.এম. মাহবুবুল হক, সহকারি পরিচালক (সিনিয়র সহকারি সচিব)।

ক) কুড়িগ্রাম জেলা: মহিলাদের জন্য আবাসন নির্মাণ (১ম সংশোধিত) শীর্ষক প্রকল্পটি গত ২৩/১২/২০২৩ তারিখে কুড়িগ্রামস্থ প্রকল্প এলাকা সরেজমিনে পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে জনাব মো: শফিকুল আলম, জেল সুপার, কুড়িগ্রাম, জনাব মো: জাকির হোসেন, উপ-সহকারী প্রকৌশলী কুড়িগ্রাম ও অন্যান্য জেলা কারাগার এবং গণপূর্ত বিভাগের সংশ্লিষ্ট কর্মকর্তা উপস্থিত ছিলেন। কুড়িগ্রামে ৬০০ বর্গফুটের ১টি ভবন নির্মাণ করা হয়। ভবনটি ৫তলা বিশিষ্ট ২ ইউনিটের মোট ১০টি ফ্ল্যাট আছে। উক্ত সকল ফ্ল্যাটের মধ্যে ৬টিতে মহিলা কারারক্ষীদের বসবাস করেন। তবে মহিলা কারারক্ষী কম হওয়ায় বাকী ফ্ল্যাটসমূহের সুষ্ঠু ব্যবহারের নিমিত্ত অন্যান্য পুরুষ কারারক্ষীদের পরিবারসহ বসবাসের অনুমতি দেয়া হয়। পরিদর্শনকালে ভবনটির অবস্থান ভাল অবস্থায় পাওয়া গেল। তবে ভবনের সামনে রির্জাভ পানি ট্যাংকটি ওভার ফ্লো অবস্থায় দেখা গেল। এ বিষয়ে কারা কর্তৃপক্ষের প্রতিনিধি জানায় যে ভবনের উপররে অবস্থিত পানির ট্যাংকটিতে চেকবল/ট্যাংকিতে উপরের অংশে পাইপ না থাকায় ট্যাংকি ওভার ফ্লো হয়। বিষয়টি গণপূর্ত বিভাগ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে সমাধান করে দিবে মর্মে সম্মত হয়। ফ্ল্যাটে বসবাসকারী সদস্যদের সাথে কথা বলে জানা যায় যে, তারা এই বাসস্থানের ফলে নিরাপদ বোধ করছেন এবং কর্মস্থলের নিকট বাসা হওয়ায় কাজের বিষয়ে যথেষ্ট মনোযোগী ও নিশ্চিত অনুভব করেন। পরিদর্শনকালে কারা কর্তৃপক্ষ জানান যে, জেল সুপার ও জেলারদের কোন বাসস্থান এখানে নেই। যার দরুন তারা অসুবিধা ও নিরাপত্তাহীনতা অনুভব করেন। তাদেরসহ অন্যান্য করারক্ষীদের জন্য নতুন ভবন নির্মাণের বিষয়ে আবেদন জানান। বিষয়টির প্রয়োজনীয়তা ও বাস্তবতায় বিবেচনায় কারা অধিদপ্তর নতুন ভবন নির্মাণের জন্য ব্যবস্থা গ্রহণ করতে পারেন। উল্লেখ্য যে, নতুন ভবন নির্মাণের পর্যাপ্ত জায়গা আছে মর্মে সরেজমিন দেখা যায়।

খ) কুমিল্লা জেলা: মহিলা কারারক্ষীদের জন্য আবাসন নির্মাণ শীর্ষক প্রকল্পের কুমিল্লা জেলায় কারারক্ষীদের জন্য বাসভবন নির্মাণকৃত প্রকল্প এলাকা পরিদর্শন করা হয়। পরিদর্শনের সময় কুমিল্লা জেলা কারাগারের ডেপুটি জেলার জনাব নাহিদা ও গণপূর্ত কুমিল্লার উপ-সহকারি প্রকৌশলী জনাব মো: সাখাওয়াত হোসেন উপস্থিত ছিলেন।

প্রকল্পটির ফ্লোরে ৬০০ বর্গফুট বিশিষ্ট আয়তনে ৫ তলা বিশিষ্ট ২টি ভবন দেখা যায়। ভবনসমূহ ২০১৯ সালে নির্মিত হয় কিন্তু ভবন ২টি দেয়ালে ফাটল দেয়া যায়। ভবনের পার্শে অংশে ও পিছনের দিকে ফ্লোর অনেকাংশে নিম্নগামী হয়ে গেছে। তাছাড়াও ফ্লোর নিম্নগামী হয়ে যাওয়ায় ভবনের গ্যাস লাইনটি প্রায়শই লিক করে যে কারণে মারাত্মক ঝুঁকির মধ্যে থাকতে হয় মর্মে বসবাসকারীগণ জানান। একজন বাসিন্দা জানান যে, ভবনের ছাদে অবস্থিত পানির ট্যাংকটি অনেক বছর ধরে পরিস্কার করানো হয়নি যার কারণে বিভিন্ন সময়ে পানিতে ময়লা পাওয়া যায়। ভবনের ভিতরের অনেক অংশে মেরামত করা প্রয়োজন। এ দিকে ভবনের অগ্নিনির্বাপক ব্যবস্থায় সরঞ্জামাদি ফায়ার স্টিংগুইশারসমূহ সরজমিন পরীক্ষা করা হলে ঐ সমস্ত দ্রব্যাদির মেয়াদকাল লেখা দেখা যায়নি। তাছাড়া ২/১টি এক্সটিংগুইশার অকেজো অবস্থায় পাওয়া যায়। ভবনসমূহের

জন্য রক্ষিত অগ্নিনির্বাপক ব্যবস্থা দ্রুত কারা কর্তৃপক্ষ পরীক্ষা করে সঠিক ও সচল অগ্নিনির্বাপক সরঞ্জামাদি স্থাপন করতে পারে। ভবনসমূহের বিভিন্ন অংশে ফাটল ও কিছু কিছু জায়গায় দেবে যাওয়ার বিষয়ে কারা কর্তৃপক্ষ নির্মাণ বিশেষজ্ঞ/স্থাপতির মাধ্যমে জরুরীভিত্তিতে পরীক্ষা নিরীক্ষা করে সুষ্ঠু সমাধানের ব্যবস্থা গ্রহণ করবেন। নির্মাণ কাজে ত্রুটির বিষয়ে পরীক্ষান্তে সংশ্লিষ্টদের বিষয়ে ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে।

	
কুমিল্লা মহিলা কারারক্ষীদের আবাসন এর ত্রুটিপূর্ণ অংশের দৃশ্য	**কুমিল্লা মহিলা কারারক্ষীদের আবাসন এর ত্রুটিপূর্ণ অংশের দৃশ্য**

১৮. পরিদর্শন পদ্ধতি: প্রকল্পটির সমাপ্তি প্রতিবেদন প্রণয়নে নিম্নোক্ত বিষয়/পদ্ধতি অনুসরণ করা হয়েছে-

- প্রকল্পের ডিপিপি/আরডিপিপি পর্যালোচনা;
- প্রকল্পের PCR পর্যালোচনা;
- কাজের বাস্তব অগ্রগতি যাচাই ও তথ্য সংগ্রহের জন্য সরেজমিন পরিদর্শন; এবং
- কাজের তথ্যের ভিত্তিতে সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে আলোচনা ও মতামত গ্রহণ।

১৯. সার্বিক পর্যালোচনা: মহিলা কারারক্ষীদের জন্য আবাসন নির্মাণ (১ম সংশোধিত) শীর্ষক প্রকল্পটি জুলাই/২০২৬ হতে জুন/২০১৯ মেয়াদে মোট প্রাক্কলিত ব্যয় ৯৩৯৬.৭৮ লক্ষ টাকায় অনুমোদিত হয়। পরবর্তীতে প্রকল্পের মেয়াদ বৃদ্ধি করে জুলাই/২০১৬ হতে ডিসেম্বর/২০১৯ মেয়াদে প্রাক্কলিত ব্যয় হ্রাস করে ৮৩১৯.৮৭ লক্ষ টাকা নির্ধারণ করা হয়। সে হিসাব মতে মোট-১০৭৬.৯১ লক্ষ্য টাকা হ্রাস করা হয় যা মোট ব্যয়ের -১২.৯৪% এবং টাইম ওভার রান হয়েছে ১৬.৬৭%। মূল প্রকল্প দলিলে প্রকল্প এলাকা ৫০টি নির্ধারণ করা হলেও পরবর্তীতে সংশোধিত প্রকল্পে কমিয়ে মোট ৪০টি'র সংস্থান রাখা হয়। প্রকল্পটি গ্রহনের পূর্বে কোন সম্ভাব্যতা সমীক্ষা/ফিজিবিলিটি স্ট্যাডি করা হয়নি। নতুন উন্নয়ন প্রকল্পের পদ/জনবল নির্ধারণ সংক্রান্ত কমিটি কর্তৃক ৪টি পদের জন্য সুপারিশ করা হয়।

এ প্রকল্পের অধীনে ২৪টি স্থানে নতুন ভবন নির্মাণ ও ২৬টি স্থানে উর্ধ্বমুখী সম্প্রসারণ করার সংস্থান ছিল। পরবর্তীতে কারিগরি কমিটি কর্তৃক প্রদত্ত মতামত অনুসারে ৬০০ বর্গফুট বিশিষ্ট নতুন ভবন ২৪টি জেলায় নির্মাণ করা হয়। ৬০০ বর্গফুট উর্ধ্বমুখী সম্প্রসারণ ১৬টি জেলায় করা হয়। প্রকল্পটি বাস্তবায়নের ক্ষেত্রে PIC ও PSC কমিটি গঠন করা হয়। প্রকল্প অফিসের তথ্য মতে PIC ও PSC সভাসমূহ যথাযথভাবে অনুষ্ঠিত হয়নি। প্রকল্পটির মেয়াদ শেষ হয় ডিসেম্বর/২০১৯ সালে কিন্তু প্রকল্পের সমাপ্তি প্রতিবেদন (PCR) অদ্র বিভাগে প্রেরণ করা হয় নভেম্বর/২০২৩ সময়ে। প্রকল্পের সমাপ্তি প্রতিবেদন দীর্ঘ ৪ বছর পর প্রেরণ করা পর্যালোচনায় দেখা যায় যে, পিসিআর এর শেষাংশে প্রাক্তন প্রকল্প

পরিচালক কর্তৃক ১২/১২/২০২১ সময়ে দাখিল করা হয়। কিন্তু প্রকল্প সমাপ্ত হয় ডিসেম্বর/২০১৯ প্রায় ২ বছর পরে প্রাক্তন প্রকল্প পরিচালক কর্তৃক পিসিআর দাখিল করা হয়। কারা অধিদপ্তর হতে এত দীর্ঘ সময় প্রায় ২ বছর বিলম্বে প্রেরণ করা হয়েছে। উল্লেখিত পিসিআরটি এত দীর্ঘ সময়ে কেন দাখিল করা হল এ বিষয়ে প্রশাসনিক মন্ত্রণালয়ের কোন বক্তব্য পাওয়া যায়নি। সমাপ্ত প্রতিবেদননের F অংশের Monitoring And Auditing-এ C ক্রমিকের 2.2 এ অডিট সম্পর্কিত কোন তথ্য পাওয়া যায়নি।

প্রকল্পটি জুলাই/২০১৬ হতে ডিসেম্বর/২০১৯ পর্যন্ত মেয়াদে অর্থাৎ মোট ৪২ মাস পর্যন্ত মেয়াদকাল ৯ জন প্রকল্প পরিচালক নিয়োগ প্রদান করা হয়। প্রকল্পের আওতায় ১টি জীপ গাড়ী ক্রয় করা হয় এবং প্রকল্প সমাপ্তির পর গাড়ীটি অধিদপ্তরে জমা দেয়া হয়েছে মর্মে পিসিআর এ উল্লেখ করা হয়েছে। প্রকল্প বাস্তবায়নে পরিবেশের উপর কোন বিরূপ প্রভাব ফেলেনি। প্রকল্প সমাপ্তি প্রতিবেদনে প্রকল্প মনিটরিং এর বিষয়ে বর্ণিত তথ্য মতে কারা মহাপরিদর্শক প্রকল্প বাস্তবায়নকালে মোট ২৯ বার পরিদর্শন করেন। প্রশাসনিক মন্ত্রণালয়ের সচিব মহোদয় ১ বার ও ভৌত অবকাঠামো বিভাগের সদস্য মহোদয় ১ বার পরিদর্শন করেন। অপর দিকে আইএমইডি হতে মোট ৬ বার মনিটরিং করা হয়।

২০. ক্রয় পর্যালোচনা: মহিলা কারারক্ষীদের জন্য আবাসন নির্মাণ (১ম সংশোধিত) শীর্ষক প্রকল্পটির প্রাক্কলিত ব্যয় নির্ধারণ করা হয় ৮৩১৯.৮৭ লক্ষ টাকা। মূল প্রকল্প দলিলে মোট ক্রয় পরিকল্পনা অনুসারে পণ্য প্যাকেজে ৪টি, কার্য প্যাকেজে ৫-টি প্যাকেজ নির্দিষ্ট ছিল। প্রকল্পটি সংশোধনের ক্ষেত্রে মোট ক্রয় পরিকল্পনা পণ্য প্যাকেজে-৪টি ও কার্য প্যাকেজে ৪০টির হিসেবে মোট ৪৪টি প্যাকেজে ছিল। প্রকল্পের আওতায় ৪০টি জেলায় নতুন আবাসিক ভবন নির্মানের কাজ ডিপোজিটরি ওয়ার্ক হিসাবে সংশ্লিষ্ট জেলার গণপূর্ত বিভাগ কর্তৃক সম্পাদন করা হয়। সে ক্ষেত্রে রংপুর জেলায় মহিলা কারারক্ষীদের জন্য আবাসন নির্মাণ করা হয় রংপুর গণপূর্ত বিভাগ কর্তৃক। রংপুর জেলার মহিলাদের জন্য আবাসন নিমাণ (১ম সংশোধিত) শীর্ষক প্রকল্পের আওতায় সয়েল টেষ্ট করা হয়। মেটেরিয়াল টেস্টও করা হয়। রংপুর জেলায় ভবন নির্মাণের ক্ষেত্রে ভবনের বাহিরের রং, খ্রফ কাটিং ফ্লোর টাইলস, পুশ শাওয়ার ইত্যাদি Non tender আইটেমসমূহ অন্তভূক্ত হওয়ার কারণে Variation করার প্রয়োজন দেখা দেয় এবং যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন নেয়া হয়।

পণ্য, কার্য ও সেবা কার্য সংক্রান্ত তথ্য:

প্যাকেজ নং এবং প্রাক্কলিত মূল্য (লক্ষ টাকা)	ডিপিপি অনুযায়ী দরপত্র আহ্বানের তারিখ এবং বাস্তবে দরপত্র আহবানের তারিখ	চুক্তির তারিখ ও চুক্তি মূল্য	কাজ সমাপ্তির তারিখ		বাস্তবায়নে বিলম্ব হলে তার কারণ
			চুক্তি অনুযায়ী	প্রকৃত	
ঢাকা কেন্দ্রীয় কারাগার (পুরাতন) ৪০৩.০০	০১/০২/২০১৮	১২/০৪/২০১৮, ৪০৩.০০	ডিসেম্বর/২০১৯	ডিসেম্বর/২০১৯	
গাজীপুর কাশিমপু কারাগার ৩৭৯.২৯	০১/০৮/২০১৭	১২/০৪/২০১৮, ৩৭৯.২৯	ডিসেম্বর/২০১৯	ডিসেম্বর/২০১৯	
ফরিদপুর জেলা কারাগার ২৭২.১৮	১২/০৬/২০১৭	১০/০৮/২০১৭, ৩৭৯.২৯	ডিসেম্বর/২০১৯	ডিসেম্বর/২০১৯	
টাঙ্গাইল জেলা কারাগার ২১১.৭৩	০৫/০২/২০১৭	৩০/০৭/২০১৭, ২২১.৭৩	আগস্ট/২০১৯	আগস্ট/২০১৯	
মানিকগঞ্জ জেলা কারাগার ২৩১.১৩	১৭/০৮/২০১৭	১৮/০৯/২০১৭, ২৩১.১৩	ডিসেম্বর/২০১৯	ডিসেম্বর/২০১৯	
নারায়ণগঞ্জ জেলা কারাগার	১১/০৮/২০১৭	১৯/০৯/২০১৭,	ডিসেম্বর/২০১৯	ডিসেম্বর/২০১৯	

প্যাকেজ নং এবং প্রাক্কলিত মূল্য (লক্ষ টাকা)	ডিপিপি অনুযায়ী দরপত্র আহ্বানের তারিখ এবং বাস্তবে দরপত্র আহবানের তারিখ	চুক্তির তারিখ ও চুক্তি মূল্য	কাজ সমাপ্তির তারিখ		বাস্তবায়নে বিলম্ব হলে তার কারণ
			চুক্তি অনুযায়ী	প্রকৃত	
২২৩.৬৯		২৩১.১৩			
শরীয়াতপুর জেলা কারাগার ১৫৯.৪১	২০/০৭/২০১৭	২২/০৮/২০১৭, ১৫৯.৪১	ডিসেম্বর/২০১৯	ডিসেম্বর/২০১৯	
মুন্সিগঞ্জ জেলা কারাগার ৬১.৮০	১১/০৯/২০১৭	১৯/১০/২০১৭, ৬১.৮০	অক্টোবর/২০১৯	অক্টোবর/২০১৯	
রাজবাড়ী জেলা কারাগার ৫৬.৫০	১০/০৭/২০১৭	১০/০৮/২০১৭, ৫৬.৫০	সেপ্টেম্বর/২০১৯	সেপ্টেম্বর/২০১৯	
গোপালগঞ্জ জেলা কারাগার ৮২.৬৩	১৯/০৫/২০১৭	১৪/০৭/২০১৭, ৮২,৬৩	ফেব্রুয়ারি/২০১৯	ফেব্রুয়ারি/২০১৯	
ময়মনসিংহ জেলা কারাগার ৪১২.৬৭	১২/০৬/২০১৭	০৯/১০/২০১৭, ৪১২.৬৭	ডিসেম্বর/২০১৯	ডিসেম্বর/২০১৯	
জামালপুর জেলা কারাগার ২৫১.০৬	১১/০৫/২০১৭	০৭/১১/২০১৭, ২৫১.০৬	আগস্ট/২০১৯	আগস্ট/২০১৯	
শেরপুর জেলা কারাগার ৪৮.৭৫	১৫/০৮/২০১৭	১৬/০৯/২০১৭, ৪৮.৭৫	ডিসেম্বর/২০১৯	ডিসেম্বর/২০১৯	
রাজশাহী কেন্দ্রীয় কারাগার ৩৬৮.৬০	১৭/০৫/২০১৭	১৭/০৯/২০১৭, ৩৬৮.৬০	জুলাই/২০১৯	জুলাই/২০১৯	
বগুড়া জেলা কারাগার ১৬৪.৬৩	০৬/০২/২০১৭	০৯/০৫/২০১৭, ১৬৪.৬৩	আগস্ট/২০১৯	আগস্ট/২০১৯	
চাপাইনবাবগঞ্জ জেলা কারাগার ২০২.৯৯	১৬/০৩/২০১৭	২১/০৫/২০১৭, ২০২.৯৯	জুলাই/২০১৯	জুলাই/২০১৯	
জয়পুরহাট জেলা কারাগার ২০৫.২	০৩/০৭/২০১৭	০৬/১১/২০১৭, ২০৫.২	ডিসেম্বর/২০১৯	ডিসেম্বর/২০১৯	
রংপুর জেলা কারাগার ৩৮৮.৬	০৮/০৯/২০১৭	২২/১০/২০১৭, ৩৮৮.৬	আগস্ট/২০১৯	আগস্ট/২০১৯	
কুড়িগ্রাম জেলা কারাগার ২০০.৯৫	০৫/১০/২০১৭	০৮/১১/২০১৭, ২০০.৯৫	জুলাই/২০১৯	জুলাই/২০১৯	
গাইবান্ধা জেলা কারাগার ৬১.০৫	১৫/১০/২০১৭	০২/১১/২০১৭,	ডিসেম্বর/২০১৯	ডিসেম্বর/২০১৯	

প্যাকেজ নং এবং প্রাক্কলিত মূল্য (লক্ষ টাকা)	ডিপিপি অনুযায়ী দরপত্র আহ্বানের তারিখ এবং বাস্তবে দরপত্র আহবানের তারিখ	চুক্তির তারিখ ও চুক্তি মূল্য	কাজ সমাপ্তির তারিখ		বাস্তবায়নে বিলম্ব হলে তার কারণ
			চুক্তি অনুযায়ী	প্রকৃত	
		৬১.০৫			
লালমনিরহাট জেলা কারাগার ৩৯.৯৩	১৮/০৪/২০১৭	০৫/০৬/২০১৭, ৩৯.৯৩	জানুয়ারি/২০১৯	জানুয়ারি/২০১৯	
পঞ্চগড় জেলা কারাগার ১৬.৫০	১৭/০৫/২০১৭	০৫/০৬/২০১৭, ১৬.৫০	ডিসেম্বর/২০১৯	ডিসেম্বর/২০১৯	
চট্টগ্রাম কেন্দ্রীয় কারাগার ৩৮৭.৫০	২১/০৫/২০১৭	১৮/০৭/২০১৭, ৩৮৭.৫০	সেপ্টেম্বর/২০১৯	সেপ্টেম্বর/২০১৯	
কুমিল্লা কেন্দ্রীয় কারাগার ৪০৪.২৯	০৭/১২/২০১৭	১৪/১২/২০১৭, ৪০৪.২৯	ডিসেম্বর/২০১৯	ডিসেম্বর/২০১৯	
নোয়াখালী জেলা কারাগার ২০৩.৪৬	২৯/০৬/২০১৭	১২/১০/২০১৭, ২০৩.৪৬	ডিসেম্বর/২০১৯	ডিসেম্বর/২০১৯	
বি-বাড়ীয় জেলা কারাগার ৯৯.৭০	১২/০৬/২০১৭	০৯/১০/২০১৭, ৯৯.৭০	ফেব্রুয়ারি/২০১৯	ফেব্রুয়ারি/২০১৯	
চাঁদপুর জেলা কারাগার ৮৯.৫০	১১/০৫/২০১৭	০৭/১১/২০১৭, ৮৯.৫০	জানুয়ারি/২০১৯	জানুয়ারি/২০১৯	
কক্স বাজার জেলা কারাগার ৮২.৩৯	১৫/০৮/২০১৭	১৬/০৯/২০১৭, ৮২.৩৯	সেপ্টেম্বর/২০১৯	সেপ্টেম্বর/২০১৯	
হবিগঞ্জ জেলা কারাগার ৯০.৫৭	১৭/০৫/২০১৭	১৭/০৯/২০১৭, ৯০.৫৭	জানুয়ারি/২০১৯	জানুয়ারি/২০১৯	
যশোহর কেন্দ্রীয় জেলা কারাগার ৩৫৪.৫০	০৬/০২/২০১৭	০৯/০৫/২০১৭, ৩৫৪.৫০	ডিসেম্বর/২০১৯	ডিসেম্বর/২০১৯	
কুষ্টিয়া জেলা কারাগার ১৯৮.৪৯	১৮/০৪/২০১৭	০৫/০৬/২০১৭, ১৯৮.৪৯	ডিসেম্বর/২০১৯	ডিসেম্বর/২০১৯	
সাতক্ষীরা জেলা কারাগার ২০৪.৭৫	১৭/০৫/২০১৭	০৫/০৬/২০১৭, ২০৪.৭৫	ডিসেম্বর/২০১৯	ডিসেম্বর/২০১৯	
বাগেরহাট জেলা কারাগার ৬১.৬৫	০৬/০৬/২০১৭	০৮/০৮/২০১৭, ৬১.৬৫	ফেব্রুয়ারি/২০১৯	ফেব্রুয়ারি/২০১৯	
নড়াইল জেলা কারাগার ৩১.৯৯	২১/০১/২০১৭	১৫/০২/২০১৭,	ডিসেম্বর/২০১৮	ডিসেম্বর/২০১৮	

প্যাকেজ নং এবং প্রাক্কলিত মূল্য (লক্ষ টাকা)	ডিপিপি অনুযায়ী দরপত্র আহ্বানের তারিখ এবং বাস্তবে দরপত্র আহবানের তারিখ	চুক্তির তারিখ ও চুক্তি মূল্য	কাজ সমাপ্তির তারিখ		বাস্তবায়নে বিলম্ব হলে তার কারণ
			চুক্তি অনুযায়ী	প্রকৃত	
		৩১.৯৯			
চুয়াডাঙ্গা জেলা কারাগার ৩৭.৪৩	১৫/০৬/২০১৭	২১/০৮/২০১৭, ৩৭.৪৩	মার্চ/২০১৯	মার্চ/২০১৯	
ঝিনাইদহ জেলা কারাগার ১১৭.৮২	০৬/০৭/২০১৭	০৮/০৭/২০১৭, ১১৭.৮২	ফেব্রুয়ারি/২০১৯	ফেব্রুয়ারি/২০১৯	
মেহেরপুর জেলা কারাগার ৮৯.৬২	১১/০৭/২০১৭	০৯/০৯/২০১৭	এপ্রিল/২০১৯	এপ্রিল/২০১৯	
বরিশাল কেন্দ্রীয় কারাগার ৪৪০.০০	১৩/০৫/২০১৭	০৭/১১/২০১৭, ৪৪০.০০	ডিসেম্বর/২০১৮	ডিসেম্বর/২০১৮	
পটুয়াখালী জেলা কারাগার ২৩২.৯৭	১৯/০১/২০১৭	১৫/০১/২০১৮, ২৩২.৯৭	ডিসেম্বর/২০১৮	ডিসেম্বর/২০১৮	
ঝালকাঠি জেলা কারাগার ২১৮.৭৪	১৫/০৬/২০১৭	২১/০৮/২০১৭, ২১৮.৭৪	ডিসেম্বর/২০১৮	ডিসেম্বর/২০১৮	
প্রকল্প পরিচালকের অফিসে ব্যবহারের জন্য একটি জীপ গাড়ী ক্রয় ৫৮.৯৩	০৭/১১/২০১৭	২৭/১১/২০১৭, ৫৮.৯৩	১৭ ডিসেম্বর/ ২০১৭	১৭ ডিসেম্বর/ ২০১৭	
অগ্নিনির্বাপক সরঞ্জামাদি ৯৭.০৩	২৬/০৫/২০১৯	১৬/০৬/২০১৯, ৯৭.০৩	ডিসেম্বর/২০১৯	ডিসেম্বর/২০১৯	
আসবাবপত্র ২২১.৩৫	২৭/০৮/২০১৮	৩০/০৯/২০১৮, ২২১.৩৫	ডিসেম্বর/২০১৯	ডিসেম্বর/২০১৯	

২১. পরিবেশের উপর প্রভাব: প্রকল্পটির মাধ্যমে ভবন নির্মাণ কাজ সম্পাদিত হয়। সে ক্ষেত্রে এটি নির্মাণের ক্ষেত্রে পানি, বাতাস জীববৈচিত্রের ওপর কোন প্রভাব পরেনি। প্রকল্পটি রেড ক্যাটাগরীভূক্ত না হওয়ায় প্রকল্পের ক্ষেত্রে কোন পরিবেশের ওপর প্রভাব পড়বে না।

২২. সয়েল টেস্ট ও মেটারিয়াল টেস্ট: কুড়িগ্রাম জেলায় মহিলা কারারক্ষীদের জন্য আবাসন নির্মাণের ক্ষেত্রে সয়েল টেস্ট করানো হয়েছে। নির্মাণ কাজে ব্যবহৃত নির্মাণ সামগ্রীর ল্যাব টেস্ট করা হয়েছে মর্মে গণপূর্ত বিভাগের প্রতিনিধি নিশ্চিত করেন। অপরদিকে কুমিল্লা জেলায় মহিলা কারারক্ষীদের জন্য ভবন নির্মাণের ক্ষেত্রেও সয়েল টেস্ট ও মেটেরিয়াল টেস্ট করা হয় মর্মে গণপূর্তের প্রতিনিধি জানান।

২৩. ভূমি অধিগ্রহণ, Reselttlement, Utility সংযোগ (বিদ্যুৎ/পানি/গ্যাস) সংক্রান্ত হাল নাগাদ তথ্য:

(ক) ভূমি অধিগ্রহণ :

(খ) ভূমি অধিগ্রহণ করা হয়নি বিধায় পুনর্বাসন (Resettlement) এর বিষয় জড়িত নয়।

(গ) Utility সংযোগ: বিদ্যুৎ পানি ও গ্যাস সংযোগের প্রয়োজন হয়নি।

২৪. অডিট: প্রকল্পের আওতায় মোট প্রাক্কলিত ব্যয় ৮৩২০.৮৭ লক্ষ টাকার মধ্যে ৮১৭০.৪১ লক্ষ টাকা ৪০টি মহিলা কারারক্ষীদের জন্য আবাসন নির্মাণের দায়িত্ব গণপূর্ত বিভাগ পালন করছে। সে মতে জেলাভিত্তিক ২ কোট টাকা ব্যয় হয়। কুড়িগ্রাম ও কুমিল্লা গণপূর্ত বিভাগকে অডিট বিষয়ে জানতে চাওয়া হলে তাঁরা জানান যে, এই প্রকল্পের বিষয়ে কোন অডিট হয়নি। পিসিআর অনুচ্ছেদ নং ৩২ অডিট সংক্রান্ত কোন কিছু উল্লেখ নেই।সে প্রেক্ষিতে গণপূর্ত বিভাগ এই প্রকল্পের আওতায় খরচকৃত অর্থের দ্রুত অডিট করার ব্যবস্থা গ্রহণ করতে পারে। প্রশাসনিক মন্ত্রণালয় এ বিষয়ে গণপূর্ত বিভাগকে অডিট সম্পাদন করে সংশ্লিষ্ট সকলকে জানাবে।

২৫. পিআইসি সভা:

অর্থবছর	ডিপিপি অনুযায়ী সংখ্যা	অনুষ্ঠিত সভা	মন্তব্য
২০১৭-২০১৮			PIC সভা আয়োজনের বিষয়ে কোন তথ্য পাওয়া যায়নি।
২০১৮-২০১৯			
২০১৯-২০২০			
২০২০-২০২১			
মোট			

২৬. স্টিয়ারিং সভা:

অর্থবছর	ডিপিপি অনুযায়ী সংখ্যা	অনুষ্ঠিত সভা	মন্তব্য
২০১৭-২০১৮			PIC সভা আয়োজনের বিষয়ে কোন তথ্য পাওয়া যায়নি।
২০১৮-২০১৯			
২০১৯-২০২০			
২০২০-২০২১			
মোট			

২৭.ফিজিবিলিটি স্ট্যাডি: প্রকল্পটি গ্রহণের পূর্বে ফিজিবিলিটি স্ট্যাডি/সম্ভাব্যতা সমীক্ষা করানো হয়েছে মর্মে ডিপিপি এর ১৫ নং অনুচ্ছেদে স্পষ্টভাবে বলা হয়। তবে ডিপিপি পরীক্ষান্তে দেখা যায় যে এই সমীক্ষার বিষয়ে কোন প্রকার প্রতিবেদন/তথ্য পাওয়া যায়নি। পরিকল্পনা বিভাগের জুন/২০২২ তারিখে জারিকৃত পরিপত্র ১.১.২ এ বর্ণিত নির্দেশনা অনুসারে ৫০ কোটি টাকার উর্ধ্বে বিনিয়োগ প্রকল্পের ক্ষেত্রে বেসরকারী ব্যক্তি/প্রতিষ্ঠানের মাধ্যমে সম্ভাব্যতা যাচাই আবশ্যিকভাবে সম্পন্ন করতে হবে।

২৮. প্রকল্পের জনবল সংক্রান্ত তথ্য:

ক্রমিক	**ডিপিপি অনুযায়ী**	**প্রকল্প বাস্তবায়নকালে**
১।	প্রকল্প পরিচালক (প্রেষণে)	প্রকল্প পরিচালক (প্রেষণে)
২।	অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক (সরসরি)	অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক (সরসরি
৩।	ড্রাইভার/গাড়ী চালক (আউটসোসিং)	ড্রাইভার/গাড়ী চালক (আউটসোসিং
৪।	এমলএসএস/অফিস সহায়ক (আউটসোসিং)	এমলএসএস/অফিস সহায়ক (আউটসোসিং)

২৯. প্রকল্পের উদ্দেশ্যে ও অর্জন:

উদ্দেশ্য	প্রকৃত অর্জন
প্রকল্পের মাধ্যমে দেশের কারাগারসমূহে মহিলা কারারক্ষীদের জন্য আবাসনের ব্যবস্থা নিশ্চিত করা।	এ প্রকল্পের আওতায় ৪০টি জেলা কারাগারে মহিলা কারারক্ষীদের জন্য নির্মিত আবাসন একটি কার্যকরী ও নির্ভরযোগ্য সমাধান হয়েছে মর্মে প্রতিয়মান।

৩০. প্রকল্প পরিচালক নিয়োগ: প্রকল্পটি পূর্ণ বাস্তবায়ন মেয়াদকালে সর্বমোট ৯ জন প্রকল্প পরিচালক নিয়োগ করা হয়। এর মধ্যে ৫ জন নিয়মিত হিসেবে ও ৪ জন অতিরিক্ত দায়িত্বে ছিলেন। পরিকল্পনা বিভাগের পরিপত্র অনুসারে পরিকল্পনা বিভাগের জুন/২০১৬ তারিখের জারিকৃত পরিপত্র অনুসারে ৫০ কোটি টাকার উর্ধ্বে প্রকল্পের জন্য ১ জন নিয়মিতভাবে প্রকল্প পরিচালক নিয়োগ করতে হবে মর্মে উল্লেখ ছিল। অলোচ্য প্রকল্পের ক্ষেত্রে উক্ত নির্দেশনা প্রতিপালন করা হয়নি। অপর দিকে পরিকল্পনা বিভাগের সর্বশেষ জুন/২০২২ তারিখে পরিপত্র অনুসারে ৫০ কোট টাকার উর্ধ্বে প্রকল্পের জন্য একজন নিয়মিতভাবে প্রকল্প পরিচালক নিয়োগ করতে হবে মর্মে নির্দেশনা রয়েছে। সে মতে ভবিষ্যতে প্রকল্প পরিচালক নিয়োগের ক্ষেত্রে পরিকল্পনা বিভাগের পরিপত্রের নির্দেশনা অনুসরণপূর্বক নিয়মিতভাবে প্রকল্প পরিচালক নিয়োগের জন্য পরামর্শ প্রদান করা হল।

৩১. যানবাহন সংক্রান্ত তথ্য:

যানবাহনের নাম	সংখ্যা	ক্রয়ের তারিখ	পরিবহন পুলে হস্তান্তর হলে তারিখ	পরিবহন পুলে হস্তান্তর না হলে বর্তমান অবস্থার বিস্তারিত বিবরণ	মন্তব্য
১	২	৩	৪	৫	৬
জীপ	১ (এক)টি	১৭ ডিসেম্বর/২০১৭	---	---	স্মারক নং-৫৮.০৪.০০০০.০৩২.০১.০৬০.২০১৯-৩০৫; তারিখ: ৩১ ডিসেম্বর ২০১৯ এর মাধ্যমে গাড়ী ঢাকা মেট্রো-ঘ-১৫-৮০২৪ সম্পুর্ণ চালূ অবস্থায় কারা অধিদপ্তরে জমা দেওয়া হয়েছে।

৩২. **সুবিধাভোগিদের মতামত:** প্রকল্পের আওতায় নির্মিত ভবনসমূহের মহিলা কারারক্ষীরা বসবাস করছেন। পরিদশনকালে ফ্ল্যাট বরাদ্দ প্রাপ্ত ব্যক্তিদের সাথে আলাপে তারা জানান যে, এই ব্যবস্থার ফলে তারা বিশেষ সুবিধা পাচ্ছে। এই ভবন নির্মাণের ফলে কারারক্ষীরা নিরাপদ বাস্থানের নিশ্চয়তা পাচ্ছে। তাছাড়া একই অফিসের সহকর্মীরা বসবাস করায় একটি সুন্দর পরিবেশ গঠন করা সম্ভব হয়েছে।

৩৩. **অগ্নিনির্বাপক ব্যবস্থা:** মহিলা কারারক্ষীদের জন্য নির্মিত আবাসনসমূহের মধ্যে কুড়িগ্রাম ও কুমিল্লার প্রকল্প এলাকা অর্থাৎ ভবনগুলোতে অগ্নিনির্বাপকের ব্যবস্থা হিসেবে ফায়ার এক্সটিংগুইশার ভনের নীচতলায় রাখা আছে। প্রতিভবনে ৪টি এক্সটিংগুইশার রাখা আছে। উক্ত এক্সটিগুইশারসমূহ পরীক্ষান্তে দেখা যায় যে ২/১টির ব্যবহার উপযোগী নয়। তাছাড়া এটি ব্যবহারের ক্ষেত্রে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে কিনা সে বিষয়ে স্পষ্ট কিছু জানা গেল না। সুরক্ষা বিভাগরে স্মারক নং-৪৭ এর মাধ্যমে ২৬/০১/২০২২ তারিখের নিদের্শনা অনুসারে অগ্নিনির্বাপক ব্যবস্থা সর্বদা পরীক্ষা করতে হবে। সে প্রেক্ষিতে এ প্রকল্পের আওতায় সকল মহিলা কারারক্ষীদের জন্য নির্মিত বাসস্থানে রক্ষিত অগ্নিনির্বাপক ব্যবস্থা হিসেবের ফায়ার এক্সটিংগুইশারগুলো নিয়মিতভাবে পরীক্ষা করার বিষয়ে কারা কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষন করা হবে।

৩৪. সম্পদ বহি: এই প্রকল্পের আওতায় সংগৃহীত সকল প্রকার মালামালের সঠিক হিসাব ও সম্পদের সুষ্ঠু ব্যবহারের স্বার্থে এই সম্পদ বহি সংরক্ষণ করতে হবে। উক্ত সম্পদ বহিতে মালামালের বিবরণসহ কোথায় ব্যবহৃত হচ্ছে সে বিষয়ে বর্ণনা থাকা প্রয়োজন। অপরদিকে সকল মালামালের গায়ে প্রকল্পের নাম খচিত করে সংরক্ষণ করতে হবে। উক্ত সম্পদ বহির ১ কপি প্রশাসনিক সংস্থা ও ১ কপি প্রশাসনিক মন্ত্রণালয় সংরক্ষণ করা যায়।

৩৫. **সাইট** বহি **/পরিদর্শন বহি:** প্রকল্প সমাপ্তি প্রতিবেদনটি প্রথম ৪ বছর পর প্রাপ্তির পর কুড়িগ্রাম ও কুমিল্লা গণপূর্ত বিভাগ ভবনসমূহ নির্মাণের দায়িত্ব পালন করে। নির্মাণ সংক্রান্ত বিষয় পর্যালোচনার জন্য এই পরিদশণ বহি খুবই গুরুত্বপূর্ণ। তবে গণপূর্ত বিভাগ পরিদর্শন বহি সংরক্ষনে আছে মর্মে জানালেও উক্ত পরিদর্শন বহি প্রর্দশন করতে পারেনি। সে কারণে এই সমস্ত কাগজপত্রসমূহ সংরক্ষণ করা একান্ত প্রয়োজন।

৩৬.**পিসিআর বিলম্বে প্রেরণ:** প্রকল্পটি সমাপ্ত হয় ডিসেম্বর/২০১৯ সময়ে। প্রকল্প সমাপ্ত প্রতিবেদনটি পর্যালোচনা দেয়া যায় যে, প্রকল্প পরিচালক গত ১২/১২/২০২১ তারিখে পিসিআরটি কারা অধিদপ্তরে জমা প্রদান করেন যা প্রকল্প সমাপ্তির প্রায় ২ বছর পর এবং কারা অধিদপ্তর হতে তা প্রশাসনিক মন্ত্রনালয়ে প্রেরন করা হয় ২৬/১০/২০২৩ তারিখে যা পিসিআর প্রাপ্তির ১ বছর ১০ মাস পর। উল্লেখ্য যে প্রকল্প সমাপ্তির ৩ মাস পর পরই পিসিআর আইএমই বিভাগে প্রেরণ করার সময়সীমা স্থির করা আছে। সে ক্ষেত্রে এত বিলম্বে পিসিআর প্রেরণের কারণ হিসেবে কারা কর্তৃপক্ষ জানান যে, পিসিআর প্রাপ্তির পর দেশের ৪০টি কারাগারের বিষয়ে বিভিন্ন গণপূর্ত বিভাগ হতে বিভিন্ন সময় খন্ড খন্ড আকারে প্রতিবেদন পাওয়া যায়। তাছাড়া ৪/৫টি কারাগারের বিষয়ে তথ্য পাওয়া যায়নি। পরবর্তীতে একাধিবার পত্র যোগাযোগ ও ব্যক্তিগত যোগাযোগের মাধ্যমে তথ্য পেতে বিলম্ব হওয়ায় পিসিআর প্রেরণে দীর্ঘ সময় অতিবাহিত হয়।

৩৭. **প্রকল্প পরিদর্শনের স্থির চিত্র:**

	
কুড়িগ্রাম মহিলা কারারক্ষীদের আবাসন এর দৃশ্য	**কুড়িগ্রাম মহিলা কারারক্ষীদের আবাসন এর দৃশ্য**
	
কুমিল্লা মহিলা কারারক্ষীদের আবাসন এর দৃশ্য	**কুমিল্লা মহিলা কারারক্ষীদের আবাসন এর দৃশ্য**

৩৯. **সুপারিশ/মতামত:**

ক. প্রকল্পটি বাস্তবায়নের ফলে মূল উদ্দেশ্য অর্জিত হয়েছে। তবে প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে কারা অধিদপ্তর ও প্রশাসনিক মন্ত্রণালয় হতে নিয়মিত মনিটরিং এর অভাব পরিলক্ষিত হয়। ভবিষ্যতে সুষ্ঠুভাবে প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে পরিদর্শন বহি সংরক্ষণসহ নিয়মিত মনিটরিং একান্ত প্রয়োজন;

খ. প্রকল্পটি বাস্তবায়ন কাজ প্রায় ৪ বছর অতিবাহিত হলেও কোন অডিট করানো হয়নি। বছরভিত্তিক অডিট করার কার্যকরী ব্যবস্থা গ্রহণের জন্য কারা অধিদপ্তর ও গণপূর্ত বিভাগের দৃষ্টি আকর্ষন করা হল;

গ. প্রকল্পটি বাস্তবায়ন মেয়াদকালে মোট ৯ জন প্রকল্প পরিচালক নিয়োজিত ছিলেন যার মধ্যে ৪ জনই অতিরিক্ত দায়িত্বে এবং ৫ জন নিয়মিতভাবে কর্মরত ছিলেন। পরিকল্পনা বিভাগের পরিপত্র অনুসারে ৫০ কোটি টাকার উর্ধ্বে বিনিয়োগ প্রকল্পের জন্য একজন দক্ষ ও অভিজ্ঞ প্রকল্প পরিচালক আবশ্যিকভাবে নিয়োগের বিষয়ে উল্লেখ থাকলেও তা অনুসরণ করা হয়নি। ভবিষ্যতে প্রকল্প পরিচালক নিয়োগ পরিকল্পনা বিভাগের পরিপত্র অনুসারে ৫০ কোটি টাকার উর্ধ্বে বিনিয়োগ প্রকল্পের জন্য একজন দক্ষ ও অভিজ্ঞ প্রকল্প পরিচালক আবশ্যিকভাবে নিয়োগ করতে হবে;

ঘ. প্রকল্পটি গ্রহণের পূর্বে যথাযথ প্রক্রিয়া অনুসরণ করে ফিজিবিলিটি স্ট্যাডি করানো হয়নি। পরিকল্পনা বিভাগের জুন/২০২২ তারিখের জারিকৃত পরিপত্র অনুসারে ৫০ কোটি টাকার উর্ধ্বে বিনিয়োগ প্রকল্পের বিপরীতে নিয়মিত ও দক্ষ পরামর্শক প্রতিষ্ঠান/ব্যক্তির মাধ্যমে আবশ্যিকভাবে করাতে হবে এবং ভবিষ্যতে যে মতে কার্যকারী ব্যবস্থা গ্রহণের জন্য দৃষ্টি আকর্ষণ করা হলো;

ঙ. কুমিল্লা জেলার কারারক্ষীদের ভবনসমূহের বিভিন্ন অংশে ফাটল ও কিছু কিছু জায়গায় দেবে যাওয়ার বিষয়ে কারা কর্তৃপক্ষ নির্মাণ বিশেষজ্ঞ/স্থাপতি মাধ্যমে জরুরীভিত্তিতে পরীক্ষা নিরীক্ষা করে সুষ্ঠু সমাধানের ব্যবস্থা গ্রহণ করবেন। নির্মাণ কাজে ত্রুটির বিষয়ে পরীক্ষান্তে সংশ্লিষ্টদের বিষয়ে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করতে পারে;

চ. প্রকল্প সমাপ্তির দীর্ঘ ৪ বছর পর উল্লেখিত প্রকল্পের প্রকল্প সমাপ্তি প্রতিবেদন পিসিআর) আইএমই বিভাগে প্রেরণ করা হয়েছে যা অনাংঙ্খাখিত। ভবিষ্যতে প্রকল্প সমাপ্তি পর ৩ মাসের মধ্যে পিসিআর যেন দাখিল করা হয় সে বিষয়ে প্রশাসনিক মন্ত্রণালয় কার্যকরী ব্যবস্থা গ্রহণ করতে পারে।

ছ. প্রতিবেদনের মতামত/সুপারিশের বিষয়ে গৃহীত ব্যবস্থা সম্পর্কে আগামী (৩০) ত্রিশ কর্ম দিবসের মধ্যে আইএমইডিকে অবহিত করতে হবে।

The project for illicit Drug Eradication and Advanced Management Trough it (I DREAM it) শীর্ষক **প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন**

(সমাপ্ত: জুন ২০২০)

ক. প্রকল্পের মৌলিক তথ্য:

০১.	প্রকল্পের নাম	The project for illicit Drug Eradication and Advanced Management Trough it (I DREAM it) শীর্ষক প্রকল্প।
০২.	প্রকল্পের ধরন	কারিগরি প্রকল্প।
৩.১	অর্থায়নের উৎস	বাংলাদেশ সরকার ও KOICA
৩.২	উন্নয়ন সহযোগী	KOICA
৪.১	উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ	স্বরাষ্ট্র মন্ত্রণালয়/সুরক্ষা সেবা বিভাগ
৪.২	বাস্তবায়নকারী সংস্থা	মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর

০৫. প্রকল্প ব্যয়, বাস্তবায়নকাল ও অনুমোদন সংক্রান্ত:

(লক্ষ টাকায়)

বিষয়	অনুমোদিত প্রাক্কলিত ব্যয়			বাস্তবায়নকাল	অনুমোদনের তারিখ	পরিবর্তন (+/-) (মূল প্রকল্পের তুলনায়)	
	মোট	জিওবি	অনুদান			ব্যয় (%)	মেয়াদ (%)
মূল	৩৭১৯.৯৭	৫১২.৩৫	৩২০৭.৬২	জুলাই ২০১৭ থেকে জুন ২০১৯ পর্যন্ত	১৮/১২/২০১৭	-	-
ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধি	৩৭১৯.৯৭	৫১২.৩৫	৩২০৭.৬২	জুলাই ২০১৭ থেকে জুন ২০২০ পর্যন্ত			৫০%

০৬. প্রকল্প এলাকাঃ ঢাকা (ডিএনসি)

০৭. প্রকল্পের অনুমোদন ও সংশোধন:

স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সুরক্ষা সেবা বিভাগের আওতায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নের জন্য প্রকল্পটি মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক ১৮/১২/২০১৭ তারিখে অনুমোদিত হয়। প্রকল্পটির অনুমোদিত মোট ব্যয় ৩৭১৯.৯৭ লক্ষ টাকা যার জিওবি ৫১২.৩৫ লক্ষ টাকা এবং প্রকল্প সাহায্য ৩২০৭.৬২ লক্ষ টাকা। মূল প্রকল্প জুলাই ২০১৭ থেকে জুন ২০১৯ পর্যন্ত মেয়াদে বাস্তবায়নের জন্য নির্ধারিত থাকলেও সিস্টেম রক্ষণাবেক্ষণ ও টেকনোলজি ট্রান্সফারের কারণে যথাসময়ে বাস্তবায়ন না হওয়ায় পরে ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে প্রকল্পের মেয়াদ ১(এক) বছর বৃদ্ধি করে জুলাই ২০১৭ থেকে জুন ২০১৯ এর স্থলে জুলাই ২০১৭ থেকে জুন ২০২০ পর্যন্ত করা হয়।

০৮. প্রকল্পের **সংক্ষিপ্ত পটভূমিঃ**

- বাংলাদেশের ভৌগলিক অবস্থানের কারণে মাদক উৎপাদনকারী দেশ না হয়েও মাদকাশক্তির জন্য একটি অত্যন্ত ঝুকিঁপূর্ণ দেশ। যেসব দেশে মাদক উৎপাদন হয় সেসব দেশের চক্রের মধ্যে বাংলাদেশ অবস্থিত, যেমন- দক্ষিণ-পূর্বে গোল্ডেন ট্রায়াঙ্গেল, থাইল্যান্ড, মিয়ানমার ও লাওসে পপি গাছ (আফিম) উৎপন্ন হয়। আবার উত্তর-পশ্চিমে গোল্ডেন ক্রিসেন্ট পাকিস্তান, আফগানিস্তান ও ইরান। ফলে এতদঅঞ্চলের মাদক ব্যবসার প্রভাব বাংলাদেশকেও প্রভাবিত করে আর বাংলাদেশকে চোরাকারবারিরা ট্রানজিট হিসেবে ব্যবহার করে। বাংলাদেশে দ্রুত নগরায়ণ, অধিক জনসংখ্যা, সামাজিক সচেতনতার অভাব, দ্রুত আর্থিক সক্ষমতা বৃদ্ধি, তথ্য প্রযুক্তির অপব্যবহার ইত্যাদি কারণে মাদকের অপব্যবহার দিন দিন বৃদ্ধি পাচ্ছে।

- বাংলাদেশের মাদক সমস্যা পার্শ্ববর্তী দেশ ভারত এবং মিয়ানমারের মাদক সমস্যার সাথে নিবিড়ভাবে জড়িত। ইয়াবা বাংলাদেশের দক্ষিণ-পূর্ব সীমান্ত দিয়ে আর অন্যান্য মাদকসমূহ ভারত-বাংলাদেশ সীমান্ত দিয়ে অনুপ্রবেশ করছে। বাংলাদেশের তিন দিকেই প্রায় ৩৯০৯ কিলোমিটার স্থল সীমান্ত এবং মিয়ানমারের সাথে ২৮৩ কিলোমিটার দক্ষিণ-পূর্ব সীমান্ত বিদ্যমান। বাংলাদেশে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরসহ সকল আইন প্রয়োগকারী সংস্থা বাংলাদেশ পুলিশ, র‍্যাব, কোস্ট গার্ড, আনসার একযোগে মাদকের বিরুদ্ধে নিরলসভাবে কাজে করে যাচ্ছে।
- বাংলাদেশে মাদকাসক্ত রোগীর সঠিক পরিসংখ্যান নেই। মানুষের বিবেক, নৈতিকতা, মূল্যবোধ ইত্যাদির উন্নয়ন ঘটিয়ে পারিবারিক, সামাজিক ও পারিপার্শ্বিক পর্যায়ে মাদকের বিরুদ্ধে গণসচেতনতা সৃষ্টি এবং সামাজিক উদ্বুদ্ধকরণের মাধ্যমে মাদকের চাহিদা হ্রাস করার ক্ষেত্রে বাংলাদেশ সরকার কাজ করে যাচ্ছে। এছাড়াও সরকার মাদকাসক্তদের সুস্থ ও স্বাভাবিক জীবনে ফিরিয়ে আনার জন্য ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী ও খুলনা বিভাগীয় শহরে মাদকাসক্ত নিরাময় কেন্দ্র স্থাপন করা হয়েছে। মাদকের বিরুদ্ধে জনসচেতনতা সৃষ্টির লক্ষ্যে ৭৬টি বেসরকারি সংস্থাকে অনুমতি প্রদান করা হয়েছে। সরকারি-বেসরকারি শত প্রচেষ্টা সত্ত্বেও দেশে মাদকাশক্তি দিন দিন বৃদ্ধি পাচ্ছে। এমতাবস্থায়, সরকারের মাদক নির্মূলের সকল কর্যক্রম জোরদার করতে হবে। এ প্রেক্ষাপটে, প্রস্তরিত কারিগরি সহায়তা প্রকল্পটি বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

০৯. প্রকল্পের উদ্দেশ্যঃ

প্রকল্পের মূল উদ্দেশ্য হলো-

- মাদকের চাহিদা, সরবরাহ ও ক্ষতি হ্রাসকল্পে মাদক দব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরকে শক্তিশালী করা।

১০. প্রকল্পের মূল কার্যক্রম:

- ডিএনসি সদর দপ্তরসহ ০৭টি বিভাগীয় কার্যালয়ে ড্রাগ ইনফরমেশন কন্ট্রোল সিস্টেম স্থাপন;
- বিভিন্ন ধরনের পরীক্ষা এবং মাদক সনাক্তকরণ সরঞ্জাম সংগ্রহ;
- ৪০১ জনমাস পরামর্শক সেবা ক্রয়;
- ৩৪ জন কর্মকর্তার বৈদেশিক প্রশিক্ষণ’
- ৫টি গাড়ি সংগ্রহ;
- সিডি ভ্যাটসহ সরবরাহ সেবা খাতে বিভিন্ন ব্যয় নির্বাহ।

১১. প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্যঃ

প্রকল্প পরিচালক-এর আইডি নং	মূল দপ্তর ও পদবি	দায়িত্বকাল	দায়িত্বের ধরণ (নিয়মিত/অতিরিক্ত)	একাধিক প্রকল্পের প্রকল্প পরিচালক হিসাবে দায়িত্ব প্রাপ্ত কিনা	
				হ্যাঁ/না	প্রকল্প সংখ্যা
-	সাইদ তৌফিক উদ্দিন আহমেদ ডিআইজি	১৫/০৭/২০১৭ হতে ১০/০৭/২০১৮ পর্যন্ত	নিয়মিত	না	-
-	মোঃ আজিজুল ইসলাম যুগ্মসচিব	৩১/১০/২০১৮ হতে ৩০/০৬/২০১৯ পর্যন্ত	নিয়মিত	না	-

১২. <u>প্রকল্পের অঙ্গভিত্তিক বাস্তবায়ন:</u>

(লক্ষ টাকায়)

ক্রমিক নং	অঙ্গের নাম	একক	ডিপিপিতে লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন	
			বাস্তব	আর্থিক	বাস্তব	আর্থিক
A. evenue:						
1.	Charge Allowance	Block	-	GOB 5.00	-	GOB 2.066
2.	Stationary	Block	-	GOB 4.00	-	GOB 2.74
3.	TAPP Preparation, formulation, printing & binding	Block	-	GOB 2.00	-	GOB 2.00
4.	Training (Foreign)	32 Person	32	GOB 25.57 DPA 184.43 Total 210.00	-	GOB 23.97 DPA 184.43 Total 208.40
5.	Consultancy (Foreign)	35.25 Man Month	35.25	DPA 401.00	-	DPA 401.00
6.	Tour Expense	Block	-	GOB 5.00	-	-
7.	Workshop & Campaign	Block	-	DPA 264.62	-	DPA 264.62
8.	Income Tax/VAT	Block	-	GOB 81.00	-	GOB 5.302
9.	Commission	Block	-	GOB 20.00	-	GOB 9.0296
10.	Fuel & LUbricant	Block	-	GOB 15.00	-	-
11.	Registration fee	Block	-	GOB 7.00	-	GOB 3.0357
12.	Insurance	Block	-	GOB 2.00	-	-
13.	Transportation Charge (inland)	Block	-	GOB 5.00	-	-
14.	Honorarium	Block	-	GOB 3.00	-	GOB 0.218
15.	Other cost (unloading & storage charge)	Block	-	GOB 3.00	-	GOB 1.85
16.	Vehicle repair & maintenance	Block	-	GOB 2.00	-	GOB 1.00
17.	Equipment repair & maintenance	Block	-	GOB 2.00	-	-
18.	Project management & Contingency	40 Man Month	40	DPA 453.07	-	DPA 453.07
Subtotal (Revenue)				GOB 181.57	-	GOB 51.21

				DPA 1303.12 Total 1484.69		DPA 1303.12 Total 1354.33
B. Capital:						
19.	Procurement & Installation of IT system	4 Lot	4	DPA 1173.13	-	DPA 1173.13
20.	System analysis, test, maintenance & audit	Block	-	DPA 505.19	-	DPA 505.19
21.	Vedio & Broadcasting	Block	-	DPA 76.18	-	DPA 76.18
22.	Vehicle	5 Nos.	5	DPA 150.00	-	DPA 150.00
23.	CD Vat (25% of Imported Item)		-	GOB 330.78	-	GOB 328.88
Subtotal (Capital)				GOB 330.78 DPA 1904.50 TOTAL 2235.		GOB 328.88 DPA 1904.50 Total 2233.38
Total (A+B)				**3719.97**		**3587.71**

তথ্যসূত্র: পিসিআর ও প্রকল্প পরিচালক

১৩. প্রকল্পের উদ্দেশ্য ও প্রকৃত অর্জন:

ক্র. নং	প্রকল্পের উদ্দেশ্য	প্রকৃত অর্জন
১.	মাদকের সরবরাহ ও চাহিদা এবং ক্ষতি হ্রাসের মতো মাদক বিরোধী কার্যক্রমের মাধ্যমে ডিএনসির প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধিকরণ	মাদকের সরবরাহ ও চাহিদা এবং ক্ষতি হ্রাসের মতো মাদক বিরোধী কার্যক্রমের মাধ্যমে ডিএনসির প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধি করা হয়েছে।
২.	ডিএনসির মাঠ পর্যায়ে রিজিয়নাল ও কেন্দ্রীয় অফিসসমূহে জাতীয় ড্রাগ কন্ট্রোল ইনফরমেশন নেটওয়ার্ক সিস্টেম চালু করা যাতে ড্রাগ সংক্রান্ত অপরাধের যাবতীয় তথ্য দ্রুত এবং নির্ভুলভাবে তদন্ত কাজে ব্রবহার করা যায়।	জাতীয় ড্রাগ কন্ট্রোল ইনফরমেশন নেটওয়ার্ক সিস্টেম স্থানীয় আঞ্চলিক ও কেন্দ্রীয় অফিসে স্থাপনের মাধ্যমে আধুনিক ও বৈজ্ঞানিক তদন্ত ব্যবস্থা চালু করা হয়েছে।
৩.	নিবিড় দক্ষতা প্রশিক্ষণের মাধ্যমে মাদকসংক্রান্ত কাজে জড়িত কমকর্তাদের সক্ষমতা বৃদ্ধি করা।	নিবিড় দক্ষতা প্রশিক্ষণের মাধ্যমে মাদকসংক্রান্ত কাজে জড়িত কমকর্তাদের সক্ষমতা বদ্ধি করা হয়েছে।
৪.	যথাযথভাবে ড্রাগ সনাক্তকরণের জন্য ফরেনসিক ল্যাবে আধুনিক যন্ত্রপাতি ও টেকনোলজি সরবরাহ করা।	যথাযথভাবে ড্রাগ সনাক্তকরণের জন্য ফরেনসিক ল্যাবে আধুনিক যন্ত্রপাতি ও টেকনোলজি সরবরাহ করা হয়েছে।
৫.	ড্রাগ সিন্ডিকেট ও ডিলারদের চিহ্নিত করতে	ড্রাগ সিন্ডিকেট ও ডিলারদের চিহ্নিত করতে

ক্র. নং	প্রকল্পের উদ্দেশ্য	প্রকৃত অর্জন
	অফিসিয়ালদের লেটেস্ট টেকনোলজি সরবরাহ করা।	অফিসিয়ালদের লেটেস্ট টেকনোলজি সরবরাহ করা হয়েছে।

১৪. টিএপিপিতে আর্থিক সংস্থান ও অর্থ ব্যয়ঃ

(লক্ষ টাকায়)

বিবরণ	টিএপিপিতে সংস্থান	প্রকৃত ব্যয়
মোট	৩৭১৯.৯৭	৩৫৮৭.৭১
জিওবি	৫১২.৩৫	৩৮০.০৯১৩
পিএ	৩২০৭.৬২	৩২০৭.৬২

প্রকল্পের অনুকূলে মোট ৩৭১৯.৯৭ লক্ষ টাকা বরাদ্দ ছিল, তার মধ্যে ব্যয় হয়েছে ৩৫৮৭.৭১ লক্ষ টাকা। প্রকল্প সাহায্যের পুরো টাকাই অর্থাৎ ৩২০৭.৬২ লক্ষ টাকা ব্যয় হয়েছে। জিওবি কাতের ৫১২.৩৫ লক্ষ টাকার মধ্যে ৩৮০.০৯১৩ লক্ষ টাকা ব্যয় হয়েছে।

১৫. <u>প্রকল্পের বাস্তবায়িত কাজ সরেজমিনে পরিদর্শনঃ</u>

গত ০৪/০৯/২২ তারিখে প্রকল্পের মূল অফিস/এলাকা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক জনাব মোঃ আজিজুল ইসলামসহ অন্যান্য কর্মকর্তাবৃন্দ উপস্থিত থেকে সহযোগিতা করেছেন।

১৬. <u>প্রকল্প পরিদর্শনের সময় গৃহীত ছবি</u>



চিত্র: কর্মকর্তাদের সাথে



চিত্র: ড্রাগ কন্ট্রোল ইনফো: সিস্টেম

১৭. <u>প্রকল্পের প্রকিউরমেন্ট সংক্রান্ত তথ্যঃ</u>

প্রকিউরমেন্টের বর্ণনা	প্রাক্কলিত মূল্য	দরপত্র আহবান	চুক্তি বাস্তবায়ন
জিডি-১ (আইটি সিস্টেম স্থাপন)	১১৭৩.১৩	০১/১২/১৭	৩০/১২/১৮

প্রকিউরমেন্টের বর্ণনা	প্রাক্কলিত মূল্য	দরপত্র আহবান	চুক্তি বাস্তবায়ন
জিডি-২ (যানবাহন)	১৫০.০০	০১/০৯১৭	৩০/০৩/১৮
এসডি-১ (পরামর্শ)	৪০১.০০	০১/১২/১৭	৩০/০২/১৯
এসডি-২ (ব্যবস্থাপনা সেবা)	৪৫৩.০৭	০১/০৭/১৭	৩০/০২/২০

প্রকল্পের ক্রয় পরিকল্পনা পর্যালোচনা করে দেখা যায় পণ্য সেবা টিএপিপি অনুমোদিত দরপত্র পদ্ধতিতে ক্রয় করা হয়েছে। সকল প্যাকেজ যথানিয়মে সম্পাদন করায় ক্রয় পরিকল্পনা শতভাগ বাস্তবায়িত হয়েছে মর্মে প্রতীয়মান হয়।

১৮. প্রকল্পের অডিট সংক্রান্ত তথ্যঃ

প্রকল্পের ইন্টারনাল বা এক্সটারনাল অডিট হয়েছে কিনা কিংবা অডিট কার্যক্রম কোন পর্যায়ে আছে তার কোন তথ্য পিসিআরএ উল্লেখ নেই।

১৯. প্রকল্পের সার্বিক পর্যবেক্ষণঃ

১৯.১ মাদকের অপব্যবহাররোধ ও মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অদিধপ্তরের প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্দির উদ্দেশ্যেই মূলত এই কারিগরি সহায়তা প্রকল্পটি ২০১৭ সালে নেয়া হয়েছিল। প্রকল্পটির অনুমোদিত মোট ব্যয় ৩৭১৯.৯৭ লক্ষ টাকা। এর মধ্যে জিওবি ৫১২.৩৫ লক্ষ টাকা এবং koica এর আর্থিক অনুদান অর্থাৎ প্রকল্প সাহায্য ৩২০৭.৬২ লক্ষ টাকা। বাস্তবায়ন কাল জুলাই ২০১৭ থেকে জুন ২০২০ পর্যন্ত। টিএপিপির লক্ষ্যমাত্রা ৩৭১৯.৯৭ লক্ষ্যের মধ্যে ব্যয় হয়েছে ৩৫৮৭.৭১ লক্ষ টাকা অর্থাৎ বাস্তবায়ন অগ্রগতি ৯৬.৪৪% এবং অব্যয়িত ১৩২.২৬ লক্ষ টাকা। মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর বা ডিএনসি সদর দপ্তরসহ ৭টি বিভাগীয় কার্যালয়ে ড্রাগ ইনফরমেশন কন্ট্রোল সিস্টেম স্থাপন ও বিভিন্ন ধরনের পরীক্ষা ও মাদক সনাক্তকরণ সরঞ্জাম সরবরাহ পরামর্শক সেবা ক্রয় ও বৈদেশিক প্রশিক্ষণের মাধ্যমে প্রকল্পের উদ্দেশ্য সাধিত হয়েছে এবং টিএপিপির লক্ষ্যমাত্রা পুরোপুরি অর্জিত হয়েছে।

১৯.২ গত ০৪/০৯/২২ তারিখে প্রকল্পের মূল অফিস মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর পরিদর্শনকালে এ প্রকল্পের সুবিধাদি ব্যবহার করতে দেখা গেছে। তবে কিছু ত্রুটি বিচ্যুতি লক্ষ্য করা গেছে। যেমন প্রিন্টার মেশিগুলো অকেজো অবস্থায় পড়ে থাকতে দেখা গেছে। জানা গেছে কোরিয়ান প্রিন্টার সরবরাহ দেয়া হয়েছে এবং এগুলোর কার্টিজ ও অন্যান্য যন্ত্রপাতি ব্যয় সাশ্রয়ী ও সহজলব্য না হওয়ায় সেগুলো ব্যবহার করা হয় না। ল্যাব জেনারেটর রুম গেন্ডারিয়া অফিসে স্থাপনা করা হয়েছে এবং সেখানেই advance automatic drug analysis equipment মেশিনটি বসানো হয়েছে। ক্যামেরা ও ফিঙ্গারপ্রিন্ট ডিভাইস ১১০টি করে ক্রয় করা হয়েছে। এসব যন্ত্রপাতি ব্যবহারের প্রশিক্ষণ দেয়া হয়েছে। এতে কর্মকর্তাগণ দ্রুত তথ্য পাচ্ছেন এবং নির্ভুলভাবে ড্রাগ সনাক্তকরণ করতে পারছেন।

১৯.৩ প্রকল্পের অডিট সংক্রান্ত কোন তথ্য পাওয়া যায়নি।

১৯.৪ ৩টি পিকআপ ও ২টি মাইক্রোবাস কেনা হয়েছে। প্রজেক্ট শেষ হবার ২ বছরেরও অধিকাল অতিবাহিত হলেও সেগুলি নিয়ম অনুযায়ী কেন্দ্রীয় পরিবহণ পুলে জমা না দিয়ে ব্যবহার করা হচ্ছে।

২০. আইএমইডি এর সুপারিশ/মতামতঃ

২০.১ বিবেচ্য প্রকল্পের আওতায় স্থাপিত আইটি সিস্টেম ও সরবরাহকৃত যন্ত্রপাতির যথাযথ ব্যবহার ও রক্ষনাবেক্ষণ নিশ্চিত করতে হবে (অনু: ১৯.১)।

২০.২ জাতীয় ড্রাগ কন্ট্রোল ইনফরমেশন সিস্টেম স্থাপনের মাধ্যমে মাদক সংক্রান্ত তথ্য সংরক্ষণ, প্রাপ্তি ও ব্যবহার সহজ হয়েছে। এর ফলে তদন্ত কাজ দ্রুত ও যথাযথভাবে সম্পাদন করা যায় এবং Advanced Automatics drug analysis equipment এর মাধ্যমে নির্ভুলভাবে ড্রাগ সনাক্ত করা যায়। মাদকের সাথে জড়িত কর্মকর্তাগণ তাদের প্রশিক্ষণলব্দ জ্ঞান কাজে লাগিয়ে মাদকমুক্ত সমাজ গঠনের কার্যক্রম অব্যাহত রাখবেন (অনু: ১৯.২)।

২০.৩ প্রকল্পের অডিট করা হয়নি। যত দ্রুত সম্ভব অডিট কার্যক্রম সম্পন্ন করে ফলাফল আইএমইডিকে জানাতে হবে (অনু: ১৯.৩)।

২০.৪ প্রকল্পের আওতায় ক্রয়কৃত ৩টি পিকআপ ও ২টি মাইক্রেবাস এর ব্যাপারে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা নিতে হবে (অনু: ১৯.৪)।

২০.৫ প্রতিবেদনে উল্লেখিত মতামতের আলোকে গৃহীত ব্যবস্থা সম্পর্কে আগামী ৩১ মে ২০২৩ এর মধ্যে আইএমইডিকে লিখিতভাবে অবহিত করতে হবে।